পরিবর্তনসমূহের সারসংক্ষেপ

এই প্রবিধান এই প্রবিধান ২ মার্চ ২০১২ সালের চ্যান্সেলরের প্রবিধান A-101 এর স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- জিঅ্যান্ডটি প্রোগ্রামে ভাইবোনের অগ্রাধিকার পরিবর্তন করার জন্য ভাইবোনদের জন্য প্রথম অগ্রাধিকার এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য অগ্রাধিকার প্রত্যাহার করা হয়েছে, যেহেতু এসব শিক্ষার্থীকে তাদের সহপাঠীদের থেকে আলাদাভাবে সুবিধা দেয়া হবে না। (p. 3, § II.A.3।
- সেসব চলমান প্রি-কিনডারগার্টেন শিক্ষার্থীকে অগ্রাধিকার দেয়া হয়েছে যারা একই স্কুলে কিনডারগার্টেনে আবেদন করছে (p. 5, §II.C.2.e,f and §II.C.3.c,d)।
- আবেদন প্রক্রিয়ার সময়ে রিজোনিংয়ের ফলে পিতামাতাদের ওপর কী ধরনের প্রভাব পড়তে পারে তা ব্যাখ্যা করা হয়েছে (p. 5, § II.D.1.c)।
- জোনভুক্ত শিক্ষার্থীদের জোনভুক্ত মিডল স্কুলে ভর্তির জন্য মিডল স্কুল পছন্দের নীতিমালা এবং অধিকার ব্যাখ্যা করা হয়েছে (p. 5-6, § II.D.2)।
- কে-৮ জোনভুক্ত স্কুলে মিডল স্কুলে যাওয়ার জন্য এলিমেন্টারি স্কুল জোনে থাকা শিক্ষার্থীদের অগ্রাধিকার ব্যাখ্যা করা হয়েছে (p. 7, § II.F.2).
- মানান সই সকরা হাই স্কুলে শিক্ষার্থীদের ফিরে আসার অধিকার ব্যাখ্যা করে (p. 8, §II.G.3).
- হাই স্কুলে লেখাপড়া করা শিক্ষার্থীদের স্কুলে ফিরে আসার অধিকার ব্যাখ্যা করে (p. 8, §III.A.2).
- হয়রানি, হুমকি এবং বুলিংকে সুরক্ষা বদলির কারণ হিশেবে গ্রহণ করার বিষয়টি অন্তর্ভুক্ত করে (p. 9-10, §IV.B.4).
- প্রবিধানে মওকুফের ধারা যুক্ত করে (p. 16, §X).

ABSTRACT

এই প্রবিধান ২ মার্চ ২০১২ তারিখের চ্যান্সেলরের প্রবিধান A-101 এর স্থলাভিষিক্ত হয়। এটি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোয় শিক্ষার্থী ভর্তি, অব্যাহতি এবং বদলি সংক্রান্ত নীতিমালা প্রতিষ্ঠিত করে।

I. ভূমিকা

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট (স্টুডেন্ট এনরোলমেন্ট) ডিস্ট্রিক্ট ৭৫ এবং ডিস্ট্রিক্ট ৭৯ এর স্কুল ছাড়া সকল স্কুলের ভর্তি নীতি এবং ভর্তি পরিকল্পনা করার একক কর্তৃত্ব ও দায়িত্ব সংরক্ষণ করে। উক্ত দুই ডিস্ট্রিক্টের সুপারিনটেনডেন্টরা ওইসব ডিস্ট্রিক্টের ভর্তি কর্মকাণ্ড এবং নীতি প্রণয়নের দায়িত্ব সংরক্ষণ করেন।

A. স্কুলে ভর্তি – সাধারণ নীতিমালা ও পদ্ধতি

1. ছেলেমেয়েদেরকে জাতি, বর্ণ, কৃষ্টি, রাষ্ট্রিক পরিচয়, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, গর্ভাবস্থা, অভিবাসন/নাগরিকত্বের অবস্থা, প্রতিবন্ধিতা, যৌন পক্ষপাত, ধর্ম বা জাতিগত পরিচয়ের ভিত্তিতে পাবলিক স্কুলে গ্রহণ করতে অস্বীকার করা যাবে না।[1]

2. নিউ ইয়র্ক সিটিতে, নিচে প্রতিষ্ঠিত নিয়মানুসারে ছেলেমেয়েদেরকে ছয় বছর বয়স থেকে যে স্কুলবছরে তাদের বয়স ১৭ বছর হয় তার শেষ অবধি স্কুলে থাকতে হয়। কোন হাই স্কুল ডিপ্লোমা মঞ্জুর করা হয়ে না থাকলে, ছেলেমেয়েরা যে স্কুলবছরে তাদের বয়স ২১ বছর হয় তার শেষ অবধি স্কুলে থাকতে পারবে।

   a. যেসব ছেলেমেয়ের ষষ্ঠ জন্মদিন ভর্তির ক্যালেন্ডার বছরের মধ্যে পড়ে তাদেরকে অবশ্যই প্রথম গ্রেডে ভর্তি করতে হবে।

   b. যেসব ছেলেমেয়ের পঞ্চম জন্মদিন ভর্তির ক্যালেন্ডার বছরের মধ্যে পড়ে তাদেরকে যদি তাদের পিতামাতা নিবন্ধন করতে মনস্থ করেন, তাহলে অবশ্যই কিনডারগার্টেনে ভর্তি করতে হবে, সেটি এইসব ছেলেমেয়ে প্রথমবারের মত স্কুলে ভর্তি হোক বা অন্য স্কুল থেকে বদলি নিয়ে থাক।

   c. যেসব ছেলেমেয়ের চতুর্থ জন্মদিন ভর্তির ক্যালেন্ডার বছরের মধ্যে পড়ে তাদেরকে প্রি-কিনডারগার্টেনে ভর্তি করতে হবে (নির্ধারিত স্কুলসমূহের মধ্যে সীমিত এবং খালি সিট সাপেক্ষে)।

3. নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে ভর্তি হওয়ার জন্য অধিকার অর্জনে একজন শিক্ষার্থীকে অবশ্যই নিউ ইয়র্ক সিটির অধিবাসী হতে হবে। যে শিক্ষার্থীর প্রাথমিক ঠিকানা নিউ ইয়র্ক সিটির বাইরে তাকে কোন নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে ভর্তি হওয়ার জন্য বিবেচিত হতে হলে, চ্যান্সেলরের প্রবিধান A-125 মোতাবেক, অবশ্যই অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বরাবর একটি দরখাস্ত জমা দিতে হবে। সব শিক্ষার্থীকে তাদের স্কুলে ভর্তি হওয়ার পর অবশ্যই একটি রেসিডেনসি কোয়েশ্চেনিয়ার পূরণ করতে হবে। কোন শিক্ষার্থী অস্থায়ী আবসনে বসবাস করছে বলে চিহ্নিত হলে থাকে অবশ্যই স্টুডেন্টস ইন টেমপোরারি হাউজিং প্রোগ্রামে পাঠাতে হবে। দ্রষ্টব্য রেসিডেনসি কোয়েশ্চেনিয়ার (সংযুক্তি ৬) যার সঙ্গে ম্যাককিনি-ভেনটো গাইড ফর প্যারেন্টস অ্যান্ড ইয়ুথ সংযুক্ত করা হয়েছে (সংযুক্তি ৭)।

4. একটি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে একজন শিক্ষার্থীকে ভর্তি হতে হলে, অবশ্যই পিতামাতা এবং সন্তান উভয়কেই হাজির হতে[2] এবং নিচের কাগজপত্র পেশ করতে হবে:

   - যাচাইযোগ্য প্রুফ অভ রেসিডেন্স (দ্রষ্টব্য সেকশন VII);

[1] স্কুলে ভর্তির ক্ষেত্রে জাতিকে একটি হেতু হিসাবে বিবেচনা করা যেতে পারে শুধু যেখানে আদালতের নির্দেশ রয়েছে; লিঙ্গ একটি হেতু শুধু সমলিঙ্গ স্কুলগুলোর ক্ষেত্রে।

[2] সেকশন VIII এ বর্ণনা মোতাবেক, যদি একজন সঙ্গীহীন শিক্ষার্থী কোন এনরোলমেন্ট অফিস বা স্কুলে আসে এবং ইঙ্গিত করে যে সে হোমলেস এবং স্কুলে ভর্তি বা বদলি হতে চায়, তাহলে ভর্তি/বদলির জন্য তাকে একজন পিতামাতা নিয়ে ফিরে আসতে হবে না। নিজেকে স্বনির্ভর ঘোষিত শিক্ষার্থীরও একজন পিতামাতাসহ রেজিস্টার করতে আসার দরকার হয় না।

- শিক্ষার্থীর বার্থ সার্টিফিকেট অথবা পাসপোর্ট;
- শিক্ষার্থীর ইম্যুনাইজেশন রেকর্ড;
- শিক্ষার্থীর সর্বসাম্প্রতিক রিপোর্ট কার্ড/ট্রান্সক্রিপ্ট (যদি থাকে);
- শিক্ষার্থীর ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি) এবং/অথবা ৫০৪ অ্যাকোমোডেশন প্ল্যান, যদি প্রযোজ্য হয় এবং থাকে।

যদি একজন শিক্ষার্থী ইম্যুনাইজেশনের প্রমান দেখাতে না পারে, তাহলে চ্যান্সেলরের প্রবিধান A-701 এ প্রতিষ্ঠিত পদ্ধতি মোতাবেক স্কুল কর্তৃক শিক্ষার্থীকে অবশ্যই সাময়িকভাবে রেজিস্টার এবং যথাযথ ফলোআপ করতে হবে।

যদি একজন শিক্ষার্থী বার্থ সার্টিফিকেট, পাসপোর্ট, বা অপর কোন যথাযথ নথি যা শিক্ষার্থীর বয়স প্রতিষ্ঠা করে তা পেশ করতে অসমর্থ হয়, তাহলে শিক্ষার্থীকে অবশ্যই সাময়িকভাবে রেজিস্টার করতে হবে এবং স্কুলকে অবশ্যই যথাযথ গ্রেডে স্থান নিশ্চিত করার জন্য ফলো-আপ ব্যবস্থাগ্রহণ করতে হবে।

5. কোন শিক্ষার্থী যাকে একটি স্কুল রেজিস্টার করেছে অথবা কোন অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বা কমিটি অন স্পেশাল এডুকেশন স্কুল নির্ধারণ করে দিয়েছে তাকে, যেখানে প্রযোজ্য, স্কুলটি ফিরিয়ে দিতে পারে যেখানে উক্ত শিক্ষার্থী স্থান পেয়েছে/রেজিস্টার করেছে।

6. যদি একজন শিক্ষার্থী যুক্তরাষ্ট্রের অপর একটি স্কুল সিস্টেম থেকে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমে আসে, তাহলে সেই শিক্ষার্থীকে যথাযথ শিক্ষা রেকর্ড পেশ সাপেক্ষে তার সর্বশেষ স্কুলে সর্বশেষ গ্রেড প্লেসমেন্ট মোতাবেক রেজিস্টার করা হবে। যদি কোন রেকর্ড না পওয়া যায়, তাহলে শিক্ষার্থীকে বয়যোপযোগী গ্রেড লেভেলে স্থান দেয়া হবে। এসব ক্ষেত্রে, প্রিন্সিপ্যাল বা তার মনোনীত ব্যক্তি যথাযথ শিক্ষা রেকর্ড পাওয়ার পর যথাযথ গ্রেডে স্থান দেয়ার বিষয়টি নির্ধারণ করবেন। যেসব ক্ষেত্রে শিক্ষার্থীটি এই প্রবিধাবান মোতাবেক স্থানলাভ করছে, কিন্তু প্রিন্সিপ্যাল নির্ধারণ করেছেন যে ভিন্ন একটি গ্রেডে স্থান দেয়া নির্দেশগতভাবে আরও যথোপযোগী হবে, তিনি সুপারিনটেনডেন্টের সঙ্গে পরামর্শ করবেন। সুপারিনটেনডেন্ট যথাযথ গ্রেড লেভেল নির্ধারণে চূড়ান্ত সিদ্ধান্ত দেবেন।

7. একজন শিক্ষার্থী যদি যুক্তরাষ্ট্রের বাইরে থেকে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমে প্রবেশ করে, তাহলে সেই শিক্ষার্থীকে যথাযথ শিক্ষা রেকর্ড পেশ সাপেক্ষে তার সর্বশেষ স্কুলে সর্বশেষ গ্রেড প্লেসমেন্ট মোতাবেক রেজিস্টার করা হবে। যদি যুক্তরাষ্ট্রের বাইরে শিক্ষাগ্রহণকারী একজন শিক্ষার্থী শিক্ষা রেকর্ড ছাড়া উপস্থিত হয়, তাহলে শিক্ষার্থীকে তার বয়সের নিরিখে একটি যথোপযুক্ত এলিমেন্টারি, মিডল অথবা হাই স্কুলে রেজিস্টার করা হবে। শিক্ষা রেকর্ডহীন ভিন দেশের একজন শিক্ষার্থী যার বয়স ভর্তির ক্যালেনডার বছরের মধ্যে ১৫ হয় সে উক্ত বছরের ফল সেমেস্টারে হাই স্কুলে পড়বে বলে প্রত্যাশা করা হয়। যদি শিক্ষার্থী সেই বছরের জুনের মধ্যে আসে, তাহলে তাকে অষ্টম গ্রেডে স্থান দেয়া হবে। যদি শিক্ষার্থী সেই বছরের জুনের পরে আসে তাহলে তাকে হাই স্কুলে ভর্তি করা হবে। যেসব ক্ষেত্রে এধরনের শিক্ষার্থীকে হাই স্কুলে ভর্তি করা হয়েছে, সেসব ক্ষেত্রে প্রিন্সিপ্যাল বা তার মনোনীত ব্যক্তি এরপর যথাযথ শিক্ষা রেকর্ড পাওয়ার পর যথাযথ গ্রেডে স্থান দেয়ার বিষয়টি নির্ধারণ করবেন। যেসব ক্ষেত্রে শিক্ষার্থীটি এই প্রবিধাবান মোতাবেক স্থানলাভ করছে, কিন্তু প্রিন্সিপ্যাল নির্ধারণ করেছেন যে ভিন্ন একটি গ্রেডে স্থান দেয়া নির্দেশগতভাবে আরও যথোপযোগী হবে, তিনি সুপারিনটেনডেন্টের সঙ্গে পরামর্শ করবেন। সুপারিনটেনডেন্ট যথাযথ গ্রেড লেভেল নির্ধারণে চূড়ান্ত সিদ্ধান্ত দেবেন।

8. কোন স্কুল বা বরো এনরোলমেন্ট অফিসে ভর্তির জন্য আগত্য স্কুল-বয়সী শিক্ষার্থীর প্লেসমেন্টে পাঁচ স্কুল দিবসের মধ্যে সম্পন্ন করতে হবে।

9. আইন মোতাবেক, শিক্ষার্থীদের অভিবাসনগত অবস্থার কাগজপত্র দেখানর বাধ্যবাধকতা নেই বা দেখাতে বলা যাবে না কিংবা তাদেরকে অভিবাসনগত অবস্থা বা অভিবাসনগত অবস্থার কাগজপত্র দেখাতে ব্যর্থ হওয়ার নিরিখে স্কুলে গ্রহণ করতে অস্বীকার করা যাবে না। কোন স্কুল

ফরম এবং/অথবা রেকর্ডে শিক্ষার্থী বা পিতামাতার অভিবসনগত অবস্থার উল্লেখ[3] থাকা চলবে না।

10. সোশাল ওয়েলফেয়ার এজেন্সি, জুভেনাইল জাস্টিস এজেন্সি এবং কারেকশনাল এজেন্সির তত্ত্বাবধানে থাকা শিক্ষার্থীরদেরকে অন্যান্য শিক্ষার্থীদের অনুরূপ পদ্ধতি অনুসরণ করেই স্কুলে ভর্তি করতে হবে।

11. কে থেকে ১২ গ্রেডের যেসব শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটির মধ্যে নিজেদের বাসস্থান বদল করে তাদের সেই মেয়াদের গ্রেড পূর্ণ না হওয়া অবধি বর্তমান স্কুলে থেকে যাওয়ার অধিকার রয়েছে। চ্যান্সেলরের প্রবিধান এ প্রতিষ্ঠিত পদ্ধতি সঙ্গে সঙ্গতিপূর্ণ ক্ষেত্র ছাড়া শৃঙ্খলা বা অ্যাকাডেমিক সমস্যার কারণে শিক্ষার্থীদেরকে তাদের জোনভুক্ত বা বসবাসের ডিস্ট্রিক্টভুক্ত স্কুলে বদলি করা যাবে না।

12. উপরে I. A.11 সেকশনে বর্ণিত এলিমেন্টারি এবং মিডল স্কুলের শিক্ষার্থী যারা বাসস্থান পরিবর্তনের কারণে নতুন ঠিকানার নিরিখে বর্তমান স্কুলের জন্য অনুপযুক্ত বিবেচিত হয়েছে তাদের পিতামাতারা শিক্ষার্থীর উপস্থিতি এবং সময়ানুবর্তিতার জন্য দায়ী থাকবেন। এসব শিক্ষার্থী হলুদ বাস পরিবহনের জন্য যোগ্য হবে না। তবে, যদি মাত্রাতিরিক্ত অনুপস্থিতি এবং/অথবা বিলম্বের ঘটনা অব্যাহত থাকে, এবং কাজটি শিক্ষার্থীর স্বার্থের অনুকূল হয়, তাহলে প্রিন্সিপ্যাল শিক্ষার্থীকে এমন একটি স্কুলে বদলি করার প্রক্রিয়া শুরু করতে পারবেন যে স্কুলটি শিক্ষার্থী জন্য তার বর্তমান বাসস্থানের নিরিখে যথোপযুক্ত। প্রিন্সিপ্যালকে অবশ্যই চিলড্রেন ফার্স্ট নেটওয়ার্ক অ্যাটেনড্যান্স পয়েন্ট পারসনের কাছে শিক্ষার্থীর মাত্রাতিরিক্ত অনুপস্থিতি এবং/অথবা বিলম্বের দালিলিক প্রমাণের পাশাপাশি নিয়মিত উপস্থিতির স্বার্থে শিক্ষার্থী এবং তার পরিবারের সঙ্গে কাজ করার জন্য প্রচেষ্টাগ্রহণের প্রামাণিক কাগজপত্র দাখিল করতে হবে। চিলড্রেন ফার্স্ট নেটওয়ার্ক অ্যাটেনড্যান্স পয়েন্ট পারসন শিক্ষার্থীর দাখিলকৃত বাসস্থান বদলের আগে ও পরের উপস্থিতি এবং বিলম্বের তুলনামূলক খতিয়ান এবং শিক্ষার্থীর উপস্থিতির স্বার্থে স্কুলের প্রচেষ্টার দালিলিক প্রমাণ পর্যালোচনা করবেন। যদি চিলড্রেন ফার্স্ট নেটওয়ার্ক অ্যাটেনড্যান্স পয়েন্ট পারসন নিরূপণ করেন যে সময়ানুবর্তিতার অবনতি ঘটেছে, তাহলে তিনি বরো এনরোলমেন্টের এগজিকিউটিভ ডিরেক্টর বা তার মনোনীত ব্যক্তিকে অবহিত করবেন, যিনি বদলির অনুরোধ অনুমোদন অথবা প্রত্যাখ্যান করবেন। যদি অনুমোদিত হয় তাহলে প্রিন্সিপ্যাল কর্তৃক পিতামাতাকে অবশ্যই লিখিতভাবে অবহিত করতে হবে যে শিক্ষার্থীকে বদলি করা হচ্ছে। অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট শিক্ষার্থীর বদলি করতে হবে যে শিক্ষার্থীকে বদলি করা হচ্ছে। অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট শিক্ষার্থীর বদলি নিষ্পন্ন করবেন এবং জোনভুক্ত অথবা নির্ধারিতেএকটি স্কুল কিংবা অপর কোন যথোপযুক্ত স্কুল যেখানে যাওয়ার যোগ্যতা শিক্ষার্থীর আছে তার রেজিস্টারে শিক্ষার্থীর নাম তুলবেন।

    ম্যাককিনি-ভেন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট (42 USC 11431) এবং চ্যান্সেলরের প্রবিধান A-780 দ্বারা বাস্তুহারা শিক্ষার্থী অথবা অস্থায়ী আবাসনের শিক্ষার্থীদের দুর্বল হাজিরার কারণে বদলি নিষিদ্ধ করা হয়েছে।

13. যদি একজন শিক্ষার্থী তার উপযুক্ততা আছে (যেমন তার বাড়ির ঠিকানার ভিত্তিতে, ভাইবোনের অগ্রাধিকার, স্পেশাল এডুকেশন কর্মসূচি সুপারিশ) এমন একটি এলিমেন্টারি স্কুলে প্রি-রেজিস্টার বা রেজিস্টার করে থাকে, তাহলে সেই স্কুলে যাওয়ার জন্য ভর্তির সময়ে শিক্ষার্থীকে অবশ্যই উপযুক্ততা বজায় রাখতে হবে। যদি শিক্ষার্থীর যোগ্যতার অবস্থা পরিবর্তিত হয়, অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট শিক্ষার্থীকে তার উপযুক্ততা আছে এমন একটি স্কুলে বদলি এবং রেজিস্টার করবে।

[3] এই প্রবিধানে ব্যবহৃত পিতামাতা শব্দের অর্থ শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক অথবা শিক্ষার্থীর সঙ্গে পিতামাতা বা অভিভাবকের সম্পর্কে আবদ্ধ ব্যক্তি, অথবা শিক্ষার্থী যদি সে স্বাবলম্বী নাবালক অথবা ১৮ বছর বা বেশি বয়সী হয়।

II. ভর্তির পদ্ধতি

A. ভাইবোনের অগ্রাধিকার[4]

1. অগ্রাধিকারের ভিত্তিতে স্কুল নির্ধারণের প্রয়োজনে, একজন ভাইবোন হচ্ছে আবেদনকারীর ভাই অথবা বোন (হাফ ব্রাদার, হাফ সিসআর, সত্ভাই, সতবোন, পালক ভাই, পালক বোন), যে একই বাড়তে থাকে।

2. আসন দানের আগে অগ্রাধিকারের অবস্থা যাচাইয়ের দায়িত্ব স্কুলের।

3. শিক্ষার্থীর ভাইবোন যারা ইতিমধ্যে প্রি-রেজিস্টার করেছে অথবা আবেদন জমা দেয়ার সময়ে কোন এলিমেন্টারি স্কুলে নাম লিখিয়েছে তাদেরকে, খালি আসনসাপেক্ষে, তাদের উপযুক্ততা আছে এরকম এলিমেন্টারি স্কুল কর্মসূচিতে অগ্রাধিকার দেয়া হয়।

4. কে-৫, কে-৬, কে-৭, অথবা কে-৮ এলিমেন্টারি স্কুলে একজন আবেদনকারীকে ভাইবোনের অগ্রাধিকার মঞ্জুর করা যাবে শুধু তখনই যদি আবেদন জমা দেয়ার সময়ে ভাইবোন স্কুলে প্রি-রেজিস্টার করে বা নাম লিখিয়ে থাকে, এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলে পঞ্চম বা তার নিচের গ্রেডে পড়বে।

B. ইউনিভার্সাল প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি

1. ইউনিভার্সাল প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচিসমূহে অংশগ্রহণের জন্য যোগ্যতা অর্জনে শিক্ষার্থীকে কোন স্কুলবছরের ৩১ ডিসেম্বরের মধ্যে অবশ্যই চার বছর বয়সী হতে হবে।

2. শিক্ষার্থীদেরকে এনওয়াইসি ডিওই প্রি-কে কর্মসূচিসমূহে, খালি আসনসাপেক্ষে, নিচের ভর্তি অগ্রাধিকার অনুসারে ভর্তি করা হয়:

   a. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা আবেদন জমা দেয়ার সময়ে প্রি-রেজিস্টার করেছে বা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলে কে-৫ গ্রেডে পড়বে;

   b. উপরে (a) বর্ণিত যারা জোনভুক্ত স্কুলে আবেদন করছে তারা ব্যতীত জোনভুক্ত শিক্ষার্থী;

   c. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা আবেদন জমা দেয়ার সময়ে প্রি-রেজিস্টার করেছে বা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরের শুরুতে স্কুলে কে-৫ গ্রেডে পড়বে;

   b. উপরে (a) বর্ণিত যারা জোনভুক্ত স্কুলে আবেদন করছে তারা ব্যতীত জোনভুক্ত শিক্ষার্থী;

   c. যেসব শিক্ষার্থীর যাচাইকৃত ভাইবোনেরা আবেদন দাখিলের সময়ে প্রি-রেজিস্টার করেছে অথবা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরে স্কুলে কে-৫ গ্রেড ভর্তি হবে যারা উক্ত ডিস্ট্রিক্টের বাসিন্দা এবং যাদের কোন জোনভুক্ত স্কুল নাই অথবা যাদের জোনভুক্ত স্কুলে কোন প্রি-কিনডারগার্টেন কর্মসূচি নেই;

   d. যেসব শিক্ষার্থীর যাচাইকৃত ভাইবোনেরা আবেদন দাখিলের সময়ে প্রি-রেজিস্টার করেছে অথবা নাম লিখিয়েছে এবং সামনের সেপ্টেম্বরে স্কুলে কে-৫ গ্রেড ভর্তি হবে যারা উক্ত ডিস্ট্রিক্টের বাসিন্দা, এবং যারা ভিন্ন একটি স্কুলে জোনভুক্ত, যেখানে প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি রয়েছে;

   e. ডিস্ট্রিক্ট বহির্ভূত শিক্ষার্থী যারা বরোর বাসিন্দা, যাদের যাচাইকৃত ভাইবোনেরা সামনের সেপ্টেম্বরে কে-৫ গ্রেডে ভর্তি হবে;

   f. ডিস্ট্রিক্ট বহির্ভূত শিক্ষার্থী যারা বরোর বাইরে থাকে, যাদের যাচাইকৃত ভাইবোন আগামী সেপ্টেম্বরের শুরুতে কে-৫ গ্রেডে ভর্তি হবে;

   g. ডিস্ট্রিক্টের জোনভুক্ত স্কুল ব্যতীত অপর একটি স্কুল অথবা যার জোনভুক্ত স্কুলে প্রি-কিনডারগার্টেন কর্মসূচি নেই এমন শিক্ষার্থী;

[4] ভাইবোনের অগ্রগাধিকার শুধু এলিমেন্টারি স্কুল লেভেলে মঞ্জুর করা হয়।

h. ডিস্ট্রিক্টের শিক্ষার্থী যে নিজের জোনভুক্ত স্কুলের পরিবর্তে অন্য একটি স্কুল আবেদন করছে;

i. ডিস্ট্রিক্টের বাইরের শিক্ষার্থী যে নিজের বরোর একটি স্কুলের কর্মসূচিতে আবেদন করছে;

j. ডিস্ট্রিক্টের বাইরের শিক্ষার্থী যে নিজের বরোর বাইরের একটি স্কুলের কর্মসূচিতে আবেদন করছে।

C. কিন্ডারগার্টেনে ভর্তি[5]

1. জোনভুক্ত স্কুলগুলো তাদের জোনে বসবাসকারী সব শিক্ষার্থীকে, খালি আসনসাপেক্ষে, পরিসেবা দিতে বাধ্য, যখনই তাদের পরিবার স্কুলে আসুক না কেন। জোনভুক্ত স্কুলগুলোকে নিচে উল্লিখিত অগ্রাধিকার ক্রমানুসারে আবেদনকারী গ্রহণ করতে হবে:

a. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা প্রাকনিবন্ধিত অথবা আবেদন জমা দেয়ার সময় ভর্তি ছিল এবং সেপ্টেম্বরে সামনের স্কুলবছরের শুরুতে কে-৫ গ্রেডে ভর্তি হবে;

b. উপরে উল্লিখিত (a) যারা জোনভুক্ত স্কুলে আবেদন করছে তারা ব্যতীত জোনভুক্ত শিক্ষার্থী;

যদি স্থান থাকে, এবং অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট ডিস্টিক্টের চাহিদার নিরিখে যথাযথ মনে করে, তাহলে স্কুলগুলোকে, নিচের ক্রমানুসারে, এখানে উল্লিখিত অগ্রাধিকারের গ্রুপসমূহকে প্রস্তাব দেয়া হতে পারে। একমাত্র অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টই এই ক্রম-বহির্ভূত অ-জোনভুক্ত শিক্ষার্থীদের আসনদানের অনুমোদন দিতে পারবে; উদাহরণত, জোনভুক্ত স্কুলে স্থান দেয়া যাবে না এমন শিক্ষার্থী, অথবা ডুয়াল ল্যাঙ্গুয়েজ কিংবা অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডারে আক্রান্ত শিক্ষার্থীদের জন্য ইনক্লুশন ক্লাস।

c. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা প্রাকনিবন্ধিত অথবা আবেদন জমা দেয়ার সময় ভর্তি ছিল এবং সেপ্টেম্বরে সামনের স্কুলবছরের শুরুতে কে-৫ গ্রেডে ভর্তি হবে যারা ওই স্কুলের জন্য জোনভুক্ত নয় কিন্তু ওই ডিস্ট্রিক্টে বসবাস করে;

d. জোনভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা প্রাকনিবন্ধিত অথবা আবেদন জমা দেয়ার সময় ভর্তি ছিল এবং সেপ্টেম্বরে সামনের স্কুলবছরের শুরুতে কে-৫ গ্রেডে ভর্তি হবে যারা অন্য একটি ডিস্ট্রিক্টের বাসিন্দা;

e. বর্তমানে স্কুলটির পি-কিনডারগার্টেন কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষার্থী যারা স্কুল জোনের বাইরে থাকে কিন্তু স্কুল ডিস্ট্রিওক্টে বসবাস করে, যাদের আসন্ন স্কুলবছরে স্কুলটিতে কে-৫ গ্রেডে কোন ভাইবোন পড়বে *না;*

f. বর্তমানে স্কুলটির পি-কিনডারগার্টেন কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষার্থী যারা স্কুল জোন এবং ডিস্ট্রিক্টের বাইরে থাকে যাদের আসন্ন স্কুলবছরে স্কুলটিতে কে-৫ গ্রেডে কোন ভাইবোন পড়বে *না;*

g. উপরে উল্লিখিত (c) ব্যতীত অন্যান্য শিক্ষার্থী যারা উক্ত ডিস্ট্রিক্টের বাসিন্দা;

h. উপরে উল্লিখিত (d) এবং (f) ব্যতীত অন্যান্য শিক্ষার্থী যারা উক্ত ডিস্ট্রিক্টের বাসিন্দা।

2. জোনভুক্ত নয় এমন স্কুলগুলোকে নিচের অগ্রাধিকার ক্রম অনুসারে শিক্ষার্থী গ্রহণ করতে হবে:

a. ডিস্ট্রিক্টভুক্ত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা প্রাকনিবন্ধিত অথবা আবেদন জমা দেয়ার সময় ভর্তি ছিল এবং সেপ্টেম্বরে সামনের স্কুলবছরের শুরুতে কে-৫ গ্রেডে ভর্তি হবে;

b. ডিস্ট্রিক্ট-বহির্ভূত শিক্ষার্থী যাদের যাচাইকৃত ভাইবোনেরা প্রাকনিবন্ধিত অথবা আবেদন জমা দেয়ার সময় ভর্তি ছিল এবং সেপ্টেম্বরে সামনের স্কুলবছরের শুরুতে কে-৫ গ্রেডে ভর্তি হবে;

c. বর্তমানে স্কুলটির পি-কিনডারগার্টেন কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষার্থী যারা স্কুল ডিস্ট্রিক্টে বসবাস করে, যাদের আসন্ন স্কুলবছরে স্কুলটিতে কে-৫ গ্রেডে কোন ভাইবোন পড়বে *না;*

[5] সেকশন II.C.1 এবং II.C.2 জোনভুক্ত নয় এমন স্কুলের জন প্রযোজ্য নয়।

d. বর্তমানে স্কুলটির পি-কিনডারগার্টেন কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষার্থী যারা স্কুল ডিস্ট্রিক্টে বসবাস করে না, যাদের আসন্ন স্কুলবছরে স্কুলটিতে কে-৫ গ্রেডে কোন ভাইবোন পড়বে *না;*

e. উপরে বর্ণিত (a) এবং (c) ব্যতীত ডিস্ট্রিক্টের অন্যান্য শিক্ষার্থী;

f. উপরে বর্ণিত (b) এবং (d) ব্যতীত ডিস্ট্রিক্ট-বহির্ভূত অন্যান্য শিক্ষার্থী;

D. জোনভুক্ত এলিমেন্টারি[6] এবং মিডল স্কুলসমূহে[7] ভর্তি

1. যোগ্যতা

a. জোনভুক্ত শিক্ষার্থীরা খালি আসনসাপেক্ষে তাদের জোনভুক্ত এলিমেন্টারি ও মিডল স্কুলে ভর্তি হওয়ার অধিকার রাখে;

b. জোনভুক্ত স্কুল নেই এমন এলিমেন্টারি ও মিডল স্কুল শিক্ষার্থীরা এমন একটি ডিস্ট্রিক্টের স্কুলে আসন পাওয়ার অধিকার রাখে যেখান শিক্ষার্থীর ঠিকানা মিডল স্কুলের জন্য পূর্বরেকর্ড অনুসারে নির্ধারণ করা হয়েছে

c. কোন কোন ক্ষেত্রে, রিজোনিং প্ল্যানের সময়ের ভিত্তিতে, শিক্ষার্থীর জোনভুক্ত স্কুল আবেদন পর্বের সময় পরিবর্তিত হতে পারে। এমন ক্ষেত্রে, শিক্ষার্থী জোনভুক্তি অধিকার বিবেচিত হবে ভর্তির সময় তার জোনভুক্ত স্কুল।

2. মিডল স্কুলের জন্য অগ্রাধিকার - মিডল স্কুল চয়েস

a. জোনভুক্ত মিডল স্কুল শিক্ষার্থীদের অগ্রাধিকার আছে সেই স্কুলে ভর্তি হওয়ার যদি তারা তাদের মিডল স্কুল চয়েস অ্যাপ্লিকেশন ক্রমে স্কুলটিকে স্থান দিয়ে থাকে। মিডল স্কুল ভর্তি প্রক্রিয়ার সময়ে জোনভুক্ত শিক্ষার্থীদের ভর্তির পর জোনভুক্ত স্কুলগুলোর খালি আসন (ওএসই দ্বারা নির্ধারিত) জোনভুক্ত নয় এমন আবেদনকারী শিক্ষার্থীদের জন্য লভ্য হবে। যেসব জোনভুক্ত শিক্ষার্থী তাদের জোনভুক্ত স্কুলে আবেদন করেনি তাদের জোনভুক্ত স্কুলে যাওয়ার অগ্রাধিকার থাকবে না। আবেদনকারী জোনভুক্ত শিক্ষার্থীদের স্থান দেয়ার পর আসন খালি থাকলে জোনভুক্ত নয় এমন শিক্ষার্থীদের স্থান দেয়া হবে।

b. একটি কে-৮ স্কুলে অধ্যয়নরত পঞ্চম গ্রেডের শিক্ষার্থীর ওই স্কুলটিতে ৬ষ্ট গ্রেডে পড়তে পারবে যদি সে মিডল স্কুল চয়েস অ্যাপ্লিকেশনে জোনভুক্ত স্কুলটি উল্লেখ করে। মিডল স্কুল ভর্তি প্রক্রিয়ার সময়ে চলমান শিক্ষার্থীদের ভর্তির পর কে-৮ স্কুলগুলোর খালি আসন (ওএসই দ্বারা নির্ধারিত) চলমান নয় এমন আবেদনকারী শিক্ষার্থীদের জন্য লভ্য হবে। যেসব চলমান শিক্ষার্থী তাদের বর্তমান স্কুলে আবেদন করেনি তাদের বর্তমান স্কুলে ৬ষ্ঠ গ্রেডে যাওয়ার অগ্রাধিকার থাকবে না। চলমান নয় এমন শিক্ষার্থীদের আগে চলমান শিক্ষার্থীদের স্থান দেয়া হবে।

c. শিক্ষার্থীরা যখন মিডল স্কুল চয়েস প্রসেসের অংশ হিশেবে একটি জোনভুক্ত নয় বা চলমান নয় এমন স্কুলে আসন লাভ করে তখন শিক্ষার্থীদের মিডল স্কুলে থাকবার সময়ে আর জোনভুক্ত বা চলমান স্কুলে ফিরে আসার অধিকার থাকে না। জোনভুক্ত বা কে-৮ স্কুলের জন্য যেকোন অনুরোধ পিইআর অথবা বদলি প্রক্রিয়ার মাধ্যমে করতে হবে।

3. রেজিস্ট্রেশন/অ্যাসাইনমেন্ট

a. জোনভুক্ত শিক্ষার্থীরা খালি আসনসাপেক্ষে সরাসরি তাদের জোনভুক্ত এলিমেন্টারি এবং মিডল স্কুলে রেজিস্টার করতে পারে। ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর আগত জোনভুক্ত নয় এমন শিক্ষার্থী আসনের জন্য বরো এনরোলমেন্ট অফিসে যেতে পারে।

---

[6] উপর্যুক্ত অতিরিক্ত বিধিবিধানসাপেক্ষে, এই প্রবিধানের এলিমেন্টারি স্কুল সম্পর্কিত বিধিবিধান কিন্ডারগার্টেনকেও অন্তর্ভুক্ত করে।

[7] II.C সেকশনের নীতিমালা জোনভুক্ত এলিমেন্টারি এবং মিডল স্কুলে ভর্তি নিয়ন্ত্রণ করে যার ব্যতিক্রম প্রি-কিনডারগার্টেন যা উপরের Section II.A.2 সেকশনে বিবৃত নীতিমালা দ্বারা নিয়ন্ত্রিত হয়।

b. ভর্তি প্রক্রিয়ার পর আগত জোনভুক্ত মিডল স্কুলের শিক্ষার্থী যারা নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমে প্রবেশ করতে চাইছে তারা সরাসরি তাদের জোনভুক্ত মিডল স্কুলে রেজিস্টার করতে পারে। ৬ষ্ঠ গ্রেডের আবেদন প্রক্রিয়ার সময়ে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমে ভর্তি জোনভুক্ত শিক্ষার্থীদেরকে মিডল স্কুলে স্থান দেয়া হবে। ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পর আগত জোনভুক্ত নয় এমন শিক্ষার্থী আসনের জন্য বরো এনরোলমেন্ট অফিসে যেতে পারে।

c.. একটি অ-জোনভুক্ত এলিমেন্টারি এবং মিডল স্কুলে ভর্তি হতে আগ্রহী ভর্তি প্রক্রিয়া অংশগ্রহণ করেনি এমন শিক্ষার্থী অথবা তাদের জন্য জোনভুক্ত নয় এমন এলিমেন্টারি অথবা মিডল স্কুলে ভর্তি হতে আগ্রহী শিক্ষার্থীদের এই প্রবিধানে প্রতিষ্ঠিত নীতিমালা অথবা অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক নির্ধারিত অপর কোন বিধানের আলোকেই কেবল অ্যাসাইন/রেজিস্টার করা যাবে।

E. জোনভুক্ত এলিমেন্টারি এবং মিডল স্কুলসমূহের জন্য নীতিমালা

1. কিন্ডারগার্টেন হচ্ছে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে প্রবেশের গ্রেড। কোন শিক্ষাবছরে কিন্ডারগার্টেন শুরু করার জন্য শিক্ষার্থীদের বয়স সেই স্কুলবছরের ৩১ ডিসেম্বরের মধ্যে অবশ্যই ৫ বছর হতে হবে।

2. এই প্রবিধানে উল্লিখিত নীতিমালা মোতাবেক, কোন এলিমেন্টারি বা মিডল স্কুলের জন্য জোনভুক্ত শিক্ষার্থীদের সেসব স্কুলে ভর্তি হওয়ার অগ্রাধিকার রয়েছে এবং অ-জোনভুক্ত শিক্ষার্থীদের আসন দেয়ার আগে অবশ্যই তাদের গ্রহণ করতে হবে।

3. এই প্রবিধানে উল্লিখিত নীতিমালা মোতাবেক এবং অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত খালি আসনসাপেক্ষে, জোনভুক্ত স্কুলহলোকে জোনভুক্ত শিক্ষার্থীদের রেজিস্টার করতে ও গ্রহণ করতে হয়।

4. অ-জোনভুক্ত শিক্ষার্থীদের এই প্রবিধানে প্রতিষ্ঠিত নীতিমালা এবং অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক নির্ধারিত অপর কোন বিধানের আলোকেই কেবল জোনভুক্ত স্কুলে ভর্তি করা যাবে।

5. এই প্রবিধানে উল্লিখিত নীতিমালা মোতাবেক জোনভুক্ত স্কুলে দায়িত্ব এর উপস্থিতির জোনের মধ্যে বসবাসকারী সব শিক্ষার্থীকে পরিসেবা দেয়া। তাই, কোন অবস্থাতেই একটি জোনভুক্ত স্কুল কোন গ্রেডে ক্লাস সাইজ ছোট করা বা ছোট রাখার জন্য ভর্তি বন্ধ করা যাবে না। শুধু ডিভিশন অভ পোর্টফোলিও প্ল্যানিংই কোন গ্রেডে আর ভর্তি বন্ধ করতে পারে।

6. যেসব ক্ষেত্রে শিক্ষার্থীর গ্রেডে ভিড়ের কারণে জোনভুক্ত স্কুল থেকে শিক্ষার্থীদের অন্যত্র পাঠাতে হবে সেসব ক্ষেত্রে শিক্ষার্থীর অধিকার আছে তার বসবাসের ডিস্ট্রিক্টে পরিবর্ত প্লেসমেন্ট পাওয়ার। স্থানলাভ করার এই অধিকার শিক্ষার্থীদেরকে এমত পরিস্থিতিতে অপর একটি জোনভুক্ত স্কুলে অন্যান্য অ-জোনভুক্ত শিক্ষার্থীর আগে অগ্রাধিকার লাভের সুযোগ মঞ্জুর করে। ভিড়ের জন্য ভিন্ন একটি স্কুলে স্থানলাভকারী শিক্ষার্থীকে অবশ্যই হয় পরিবর্ত স্কুল গ্রহণ করতে অথবা জোনভুক্ত স্কুলের অন্য কোন বিকল্প বের করতে হবে।

7. যেসব শিক্ষার্থীকে তাদের জোনভুক্ত স্কুলের পরিবর্তে অপর একটি স্কুলে পাঠান হয়েছে অনুমোদিত ভর্তি বন্ধ পরিকল্পনার ভিত্তিতে তারা অফিস অভ এনরোলমেন্ট কর্তৃক একটি শেষতারিখ নির্ধারিত না হওয়া অবধি তাদের জোনভুক্ত স্কুলে ওয়েট লিস্টে থাকতে পারে। যেসব ক্ষেত্রে কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের স্থানান্তর করা হয়, সেসব ক্ষেত্রে পরবর্তী বছরে কোন আসন খালি হলে সেগুলো স্থানান্তরিত কিনডারগার্টেন শিক্ষার্থীদেরকে ওয়েট লিস্টের ক্রম অনুসারে প্রথমে দেয়া হবে। স্থানান্তরিত শিক্ষার্থীরা জোনভুক্ত স্কুলে প্রত্যাবর্তনে অস্বীকার করতে এবং উপচে-পড়া স্কুলে রয়ে যেতে পারে। প্রত্যাবর্তনের সুযোগ প্রত্যাখ্যানের ফলে এসব শিক্ষার্থীর বাসস্থানের ঠিকানার নিরিখে জোনভুক্ত স্কুলে ফিরে আসার স্বতোক্রিয় অধিকার আর থকবে না। এধরনের শিক্ষার্থী যাদের উপচে-পড়া স্কুলে পরিবহন লাভে আইনগত অধিকার ছিল তাদের আর পরিবহন লাভের অধিকার থাকবে না যদি না অফিস অভ পিউপল ট্রান্সপোর্টেশন কৃর্তৃক প্রতিষ্ঠিত নীতিমালার ভিত্তিতে বাধ্যতামূলক

বা যোগ্যতাসম্পন্ন হয়ে থাকে। একটি এলিমেন্টারি স্কুলে শেষ গ্রেড সমাপণের পর এধরনের শিক্ষার্থী তাদের এলিমেন্টারি স্কুলে ভর্তি অথবা বাসস্থানের ঠিকানার নিরিখে মিডল স্কুলে প্রবেশাধিকার লাভের সুযোগ পাবে।

8. শিক্ষার্থীকে তার জোনভুক্ত এলিমেন্টারি স্কুলে বদলি করার জন্য পিতামাতার অনুরোধ খালি আসনসাপেক্ষে মঞ্জুর করা হবে।

9. জোনভুক্ত স্কুলের প্রাথমিক দায়িত্ব হচ্ছে এর জোনভুক্ত স্কুলকে পরিসেবা দেয়া। যদি একটি জোনভুক্ত স্কুল সকল জোনভুক্ত শিক্ষার্থীকে স্থান দিতে অসমর্থ হয়, তাহলে স্কুলের অ-বাধ্যতামূলক কর্মসূচিগুলো হ্রাস করা বা বাতিল করা যেতে পারে।

F. ম্যাট্রিকুলেশনের নীতিমালা

1. "বাছাই" কর্মসূচি থেকে ম্যাট্রিকুলেশন (শুধু এলিমেন্টারি এবং মিডল স্কুল)

কোন শিক্ষার্থী যাকে আবেদন বা বাছাই প্রক্রিয়ার মাধ্যমে ভর্তি করা হয়, যাকে তার আইইপি অনুসারে স্থান দেয়া হয় বা একটি প্লেসমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট (পিইআর) মঞ্জুর করা হয়, একটি এলিমেন্টারি স্কুলে যেটির জন্য সে জোনভুক্ত নয়, এবং যে স্কুলটির শেষ গ্রেড সম্পন্ন হওয়া অবধি সেখানেই ভর্তি থাকে সে সেসব বিকল্প সুযোগসুবিধার ভিত্তিতে মিডল স্কুলে ম্যাট্রিকুলেট করতে পারবে যেগুলো সাধারণত সেসব শিক্ষার্থীর জন্য লভ্য থাকে যাদেরকে শিক্ষার্থী যে ডিস্ট্রিক্টে এলিমেন্টারি স্কুলে গেছে সেই ডিস্ট্রিক্টের একটি এলিমেন্টারি স্কুলে জোনভুক্ত করা হয়। মিডল স্কুল বাছাই প্রক্রিয়া বিদ্যমান এমন ডিস্ট্রিক্টসমূহে শিক্ষার্থীরা তাদের এলিমেন্টারি স্কুলের ডিস্ট্রিক্টে মিডল স্কুলে আবেদন করতে পারে। শিক্ষার্থীরা তাদের জোনভুক্ত মিডল স্কুল ডিস্ট্রিক্টের মিডল স্কুলেও ম্যাট্রিকুলেট করার ইচ্ছাপোষণ করতে পারে। এক্ষেত্রে, ডিস্ট্রিক্ট-বহির্ভূত একজন এলিমেন্টারি স্কুল শিক্ষার্থী যে মিডল স্কুলের জন্য সেই ডিস্ট্রিক্টেই থেকে যাওয়া মনস্থ করেছে সে একজন ডিস্ট্রিক্টের বাসিন্দা আবেদনকারীর সমান অগ্রাধিকার লাভ করবে। যেসব ডিস্ট্রিক্টে মিডল স্কুল বাছাই কর্মসূচি রয়েছে সেখানে যদি একজন সন্ধিযুক্ত শিক্ষার্থীকে তার পছন্দের কোন স্কুলের সঙ্গে মানানসই করা না হয়, তাহলে তার বসবাসের ডিস্ট্রিক্টে কোন স্কুলে স্থান পাওয়ার অগ্রাধিকার রয়েছে।

2. কে-৮ এবং ৬-১২ স্কুলের সন্ধিযুক্ততা

কে-৮ অথবা ৬-১২ হিসাবে বিন্যস্ত একটি স্কুলের অবশ্যই একাধিক প্রবেশবিন্দু থাকতে হবে। তাই, যখন একজন শিক্ষার্থীকে এমন একটি স্কুলে ভর্তি করা হয় যেটি কে-৮ বা ৬-১২ কাঠামোয় বিন্যস্ত তখন সেই শিক্ষার্থীর উচ্চতর গ্রেডে ভর্তি হওয়ার অধিকার এবং অগ্রাধিকার রয়েছে। এধরনের শিক্ষার্থীরা, একই সময়ে, তাদের উপযুক্ততা রয়েছে এমন যেকোন স্কুল বা কর্মসূচিতে আবেদন করতে পারে। এলিমেন্টারি স্কুল জোনে বসবাসকারী শিক্ষঅর্থীদের কে-৮ স্কুলের ৬ষ্ঠ গ্রেডে ভর্তি হওয়ার অগ্রাধিকার রয়েছে যদি তারা আগে ভর্তি হয়ে না থাকে।

G. Articulation to High School

1. ৮ম গ্রেড থেকে সন্ধিযুক্ত হচ্ছে এমন শিক্ষার্থীদের নিশ্চয়তা রয়েছে তাদের জোনভুক্ত স্কুলে ভর্তি হওয়ার যদি তারা হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে সেই স্কুলে আবেদন করে।

2. কোন হাই স্কুল (ডিস্ট্রিক্ট ৭৫, ডিস্ট্রিক্ট ৭৯ কর্মসূচি এবং ট্রান্সফার স্কুল ব্যতীত) শিক্ষার্থী রেজিস্টার করতে পারবে না। শুধু অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট হাই স্কুলের শিক্ষার্থীদের রেজিস্টার করতে পারে।

3. সেসব শিক্ষার্থী যারা এনওয়াইসি পাবলিক স্কুল সিস্টেম থেকে অব্যাহতিপ্রাপ্ত, এবং একটি স্কুলের সঙ্গে মানানসইকৃত (স্পেশালাইজড হাই স্কুল, ট্রান্সফার স্কুল এবং নবাগত ও ইংরেজিতে সীমিত দক্ষদের স্কুলসহ) হয়েছে হাই স্কুল অ্যাডমিশন প্রসেসের সুবাদে তাদেরকে যে স্কুলবছরের জন্য মানানসই করা হয়েছে তাদের অধিকার আছে সেই স্কুলবছরের যেকোন সময়ে স্কুলটিতে ভর্তি হওয়ার।

III. পুনঃভর্তি

A. পুনঃভর্তি/প্রত্যাবর্তনের অধিকার

সাধারণভাবে, নিচের নির্দেশনামা মোতাবেক, শিক্ষার্থীদের এনওয়াইসি পাবলিক স্কুলে প্রত্যাবর্তনের অধিকার আছে অব্যাহতিলাভের এক ক্যালেন্ডারবছরের মধ্যে:

1. এলিমেন্টারি/মিডল স্কুল শিক্ষার্থী

   a. এলিমেন্টারি এবং মিডল স্কুল শিক্ষার্থীদের জন্য, যে শিক্ষার্থী তার পূর্ব ঠিকানায় প্রত্যাবর্তন করে তার, খালি আসনসাপেক্ষে, অধিকার আছে নিজের জোনভুক্ত স্কুলে ফিরে যাওয়ার;

   b. এলিমেন্টারি অথবা মিডল স্কুলের শিক্ষার্থী যারা ইতিপূর্বে একটি অ-জোনভুক্ত স্কুলে গেছে তাদের যদি বাসস্থানের ভিত্তিতে উপযুক্ততা অক্ষুণ্ণ থাকে তাহলে তাদের অধিকার আছে এক ক্যালেনডারবছরের জন্য উক্ত স্কুলে প্রত্যাবর্তন করার;

   c. যেসব শিক্ষার্থী ইতিপূর্বে ডিস্ট্রিক্ট অথবা সিটিওয়াইড গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিগুলোয় অংশগ্রহণ করেছে তারা গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে ফিরে আসতে পারে যদি আসন খালি থাকে এবং যদি তারা সেই ডিস্ট্রিক্টে (ডিস্ট্রিক্ট কর্মসূচিগুলোর জন্য) ফিরে আসে। যেসব শিক্ষার্থী ডিস্ট্রিক্ট গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিগুলোয় অংশগ্রহণ করেছে এবং অন্য একটি ডিস্ট্রিক্টে ফিরে এসেছে তাদেরকে তাদের নতুন ডিস্ট্রিক্টে একটি গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে পুনঃভর্তি করা যেতে পারে যদি আসন খালি থাকে।

2. হাই স্কুল শিক্ষার্থী

   a. হাই স্কুলের শিক্ষার্থীদের জন্য, যারা এনওয়াইস পাবলিক স্কুল সিস্টেম থেকে অব্যাহতি লাভ করেছে তাদের অধিকার আছে তার পূর্বতন হাই স্কুলে (স্পেশালাইজড হাই স্কুল, ট্রান্সফার স্কুল এবং নবাগত ও ইংরেজিতে সীমিত দক্ষদের স্কুলসহ) প্রত্যাবর্তনের যদি সে বর্তমান তারিখের এক ক্যালেনডারবছরের মধ্যে অব্যাহতি পেয়ে থকে, যদি সে একদিনের জন্য উপস্থিত হয়ে থাকে;[8]

   b. একজন শিক্ষার্থীর প্রত্যাবর্তনের অধিকার সম্পর্কে যদি কোন প্রশ্ন থাকে, তাহলে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট পুনঃভর্তি বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত দেবে।

3. কোলাবরেটিভ টিম টিচিং অথবা স্পেশাল ক্লাস কর্মসূচিতে আসন আবশ্যক প্রতিবন্ধী শিক্ষার্থী যারা এনওয়াইস পাবলিক স্কুল সিস্টেম থেকে অব্যাহতি লাভ করেছে তাদের অব্যাহতিপ্রাপ্তির এক বছরের মধ্যে খালি আসনসাপেক্ষে তাদের পূর্বতন স্কুলে প্রত্যাবর্তনের, যদি সে একদিনের জন্য উপস্থিত থেকে থাকে।

IV. বদলি

যখন কোন বদলি কাম্য হয় তখন স্কুলগুলোকে বদলি অনুরোধ পর্যালোচন এবং সব প্রয়োজনীয় কাগজপত্র প্রদান করার জন্য পরিবারের সঙ্গে বসতে হয়। নিচে উল্লিখিত ক্ষেত্রগুলো ব্যতীত অন্য সব ক্ষেত্রে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট নির্ধারণ করে শিক্ষার্থীকে কোন স্কুলে বদলি করা হবে।

A. বদলি এবং প্লেসমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট[9] এর সব অনুরোধ অবশ্যই স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক অনুমোদিত হবে শুরু নিম্নবর্ণিত ব্যতিক্রমগুলো ছাড়া:

1. সাসপেনশনের পর অনিচ্ছাকৃত বদলি এবং স্বেচ্ছা বদলি, যেগুলোর বিষয়ে চ্যান্সেলরের প্রবিধান A-450 এবং A-443 মোতাবেক বরো ডিরেক্টর অভ সাসপেনশন সিদ্ধান্ত দেন;

2. জোনভুক্ত স্কুলে যেতে (যখন আসন খালি থাকে) আগ্রহী এলিমেন্টারি শিক্ষার্থীদের বদলি, যেসব ক্ষেত্রে,

[8] কোড ৩৯ এ অব্যাহতিলাভকারী একজন শিক্ষার্থী যে স্কুলবছরে তার বয়স ২১ বছর হবে সেই বছর শেষ হওয়ার আগে স্কুলে ফিরে আসতে পারে।

[9] প্লেসমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট হচ্ছে সেসব অনুরোধ যেগুলো ফল সেমেস্টারে ভর্তির সময়ে কোন দুর্দশাজনিত কারণে শিক্ষার্থীর জোনভুক্ত স্কুল বা নির্ধারিত স্কুলের পরিবর্তে অন্য একটি স্কুলের জন্য করা হয়।

গ্রহণকারী প্রিন্সিপ্যাল শিক্ষার্থীদের ভর্তি করে নেন;

3. ডিস্ট্রিক্ট ৭৫ এবং ডিস্ট্রিক্ট ৭৯ এর অভ্যন্তরে বদলি।

B. সব আবশ্যক কাগজপত্র দাখিলসাপেক্ষে, নিচে উল্লিখিত সুনির্দিষ্ট কোন দুর্দশালাঘবে অন্যান্য বদলি মঞ্জুর করা যেতে পারে। সক ক্ষেত্রে, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বদলির আবেদন হয় প্রত্যাখ্যান অথবা অনুমোদন করবে এবং কোন স্কুলে শিক্ষার্থীকে বদলি করা হবে তা নির্ধারণ করবে।

1. <u>শিশুপরিচর্যা সমস্যাজনিত বদলি</u> (শুধু কে-৫ গ্রেড): একজন পিতামাতা তার সন্তানের বদলির জন্য অনুরোধ করতে পারেন কেননা চাকুরিস্থল এবং/অথবা শিশুপরিচর্যা কেন্দ্র থেকে স্কুলের দূরত্ব বেশি হওয়ায় শিশুপরিচর্যা সমস্যা সৃষ্টি হয়েছে। পিতামাতাকে অবশ্যই শিশুপরিচর্যা সমস্যা নিশ্চিত করে তার নিয়োগদাতা এবং/অথবা শিশুপরিচর্যা সমস্যা শিশুপরিচর্যা প্রদানকারীর চিঠি উপস্থাপন করতে হবে।

2. <u>ভাইবোনের বদলি</u> **(**শুধু কে-৫ গ্রেড**):** একজন পিতামাতা তার সন্তানদের জন্য ভাইবোনের বদলি অনুরোধ করতে পারেন কেননা এক বা একাধিক ভাইবোন ভিন্ন ভিন্ন স্কুলে পড়ে।

3. <u>স্বাস্থ্যজনিত বদলি:</u> একজন পিতামাতা স্কুল পরিবর্তন করে দূর করা সম্ভব তার সন্তানের এমন বিদ্যমান স্বাস্থ্য সমস্যা সমাধানে স্বাস্থ্যজনিত বদলির অনুরোধ জানাতে পারেন। পিতামাতাকে অবশ্যই চিকিত্সকের লেটারহেডে স্বাস্থ্য সমস্যা এবং কেন বদলি সুপারিশ করে করা হয়েছে উল্লেখ করে চিকিত্সক স্বাক্ষরিত কাগজপত্র জমা দিতে হবে। আরও তথ্য সংগ্রহের উদ্দেশ্যে ডিপার্টমেন্ট এডুকেশনের যথোপযুক্ত কর্মকর্তা (সিএফএন অথবা স্টুডেন্ট এনরোলমেন্ট) চিকিত্সকের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

4. <u>নিরাপত্তা বদলি:</u> নিরাপত্তা বদলি মঞ্জুরের পদ্ধতি চ্যান্সেলরের প্রবিধান A-449 এ বর্ণিত আছে। উল্লিখিত ক্ষেত্রসমূহে নিরাপত্তা বদলি মঞ্জুর করা যেতে পারে: (a) নো চাইল্ড লেফট বিহাইন্ড অনুসারে শিক্ষার্থীরা যদি স্কুলের জায়গায় সহিংস অপরাধমূলক ঘটনার শিকার হয় অথবা (b) যেসব পরিস্থিতিতে (হয়রানি, ভীতি প্রদর্শন এবং বুলিংয়ের অভিযোগসহ) নিরূপিত হয় যে স্কুলে শিক্ষার্থীর অব্যাহত উপস্থিতি শিক্ষার্থীর জন্য নিরাপদ নয়। নো চাইল্ড লেফট বিহাইন্ড সেফটি ট্রান্সফার (NCLB) সমন্বয় করবেন বরো ডিরেক্টর অব সাসপেনশন।

এনসিএলবি নিরাপত্তা বদলি নয় এমন ক্ষেত্রে, প্রিন্সিপ্যাল/মনোনীত ব্যক্তির কাছ থেকে প্রয়োজনী কাগপত্র লাভ করার এক সপ্তাহের মধ্যে বরো এনরোলমেন্টের এগজিকিউটিভ ডিরেক্টর নির্ধারণ করবেন নিরাপত্তা বদলি মঞ্জুর করা হবে কি হবে না। এর প্রক্রিয়া নিম্নরূপ:

a. সব নিরাপত্তা বদলির অনুরোধ এবং অন্যান্য সহায়ক কাগপত্র অবশ্যই স্কুলের কাছ থেকে আসতে হবে; পরিবারকে নথিপত্র বরো এনরোলমেন্ট অফিসে আনতে হবে না। সুরক্ষা বদলির জন্য বিচেচিত হতে হলে, স্কুলকে অবশ্যই ফ্যাক্স করতে হবে:

- স্কুল অকারেন্স রিপোর্ট অথবা স্কুলের অন্য নথিপত্র;
- পুলিশ রিপোর্ট, ডকেট নম্বর, অথবাআদালতের কাগজপত্র;
- সেফটি ট্রান্সফার সামারি অব ইনভেস্টিগেশন ফরম; এবং
- সেফটি ট্রান্সফার ইনটেক ফরম।

b. যদি সহায়ক কাগজপত্র নিরাপত্তার বিষয়টি পর্যাপ্তভাবে বর্ণনা না করে অথবা যদি আরও তথ্য প্রয়োজন হয়, তাহলে ডিন, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল সিকিউরিটি, অথবা প্রিন্সিপ্যালকে অবশ্যই অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট বরাবর আরও তথ্য পেশ করতে হবে;

c. যদি এটি নিরূপিত হয় যে শিক্ষার্থীর বদলি নিরাপত্তা সমস্যা দূর করবে (ঘটনা সংঘটনের স্থান নির্বিশেষে) তা হলে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট কর্তৃক বদলি অনুমোদিত এবং একটি নতুন স্থান চিহ্নিত হবে।

5. স্পোর্টস ট্রান্সফার (শুধু হাই স্কুলের শিক্ষার্থী)

   a. সাধারণভাবে, স্পোর্টসের জন্য কোন বদলি নেই;

   b. নির্দিষ্ট কোন খেলায় আনুষ্ঠানিক পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ (PSAL) রস্টারে থাকা একজন শিক্ষার্থী অ্যাথলিট যে এমন একটি স্কুলে যায় যেটি ক্রমান্বয়ে তুলে দেয়া হচ্ছে এবং স্কুল সেই নির্দিষ্ট খেলাটি বাতিল করেছে, সে অন্য একটি স্কুলে আবেদন করতে পারে। নির্দিষ্ট কোন খেলায় আনুষ্ঠানিক পিএসএএল রস্টারে থাকা একজন শিক্ষার্থী অ্যাথলিট যে এমন স্কুলে যায় যেখানে দল অবলুপ্ত হয়েছে সেও অন্য একটি স্কুলে বদলির জন্য আবেদন করতে পারে। এসব ক্ষেত্রে, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট এমন একটি স্কুল চিহ্নিত করবে যেখানে আসন খালি রয়েছে এবং সেই খেলাটির জন্য পিএসএএল দলও আছে এবং শিক্ষার্থী অ্যাথলিটের অ্যাকাডেমিক এবং অ্যালেটিক চাহিদা পূরণে একটি যথাযথ প্লেসমেন্টের ব্যবস্থাগ্রহণ করবে;

   c. নির্দিষ্ট কোন খেলায় আনুষ্ঠানিক পিএসএএল রস্টারে থাকা একজন শিক্ষার্থী অ্যাথলিট যে নো চাইল্ড লেফট বিহাইন্ড (NCLB) আইনের আওতায় বদলির আবেদন করে সে শুধু তার তার এনসিএলবি আবেদনে উল্লিখিত একটি স্কুলে বদলির জন্য যোগ্য;

   d. উপরে b এবং c অনুচ্ছেদে বর্ণিত ক্ষেত্রসমূহে, একজন শিক্ষার্থী অ্যাথলিট নতুন স্কুলে তার খেলায় আনুষ্ঠানিক পিএসএএল দলে স্থান পাবে তার নিশ্চয়তা নেই। তাকে দলে স্থান পাওয়ার জন্য অবশ্যই ট্রায়ালে অংশ নিতে হবে;

   e. হাই স্কুল অ্যাথলেটিক্স সংক্রান্ত সব বিধিবিধান পিএসএএল স্টুডেন্ট অ্যাথলিট রুলস এবং প্রবিধান (www.psal.org ঠিকানায় লভ্য) দ্বারা পরিচালিত হয়।

6. যাতায়াতে সমস্যাজনিত বদলি (শুধু হাই স্কুলের শিক্ষার্থী)

   a. যাতায়াতের সমস্যাজনিত কারণে বদলি আবেদনের ক্ষেত্রে পরিবারকে অবশ্যই ঠিকানার যাচাইযোগ্য প্রমাণ পেশ করতে হবে;

   b. যাতায়াতের সমস্যাজনিত কারণে বদলির জন্য বিবেচিত হতে হলে বাড়ি থেকে স্কুলে যাতায়াতের সময় ৯০ মিনিট বা তার বেশি অথবা অন্য কারণে পাবলিক ট্রান্সপোর্টেশনে যাতায়াত অসম্ভব (অর্থাত্, তিনটির বেশি বদল) হলে।

C. প্লেসেমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট (শুধু প্রাথমিক ও মিডল স্কুল)

   1. স্কুলবছর শুরুর আগে, শিক্ষার্থীরা ফল সেমেস্টারে তাদের জোনভুক্ত বা নির্ধারিত স্কুলের পরিবর্তে অন্য একটি স্কুলে ভর্তির জন্য একটি "প্লেসমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট (পিইআর)" এর অনুরোধ করতে পারে।

   2. মূলত কোন দুর্দশালাঘবে প্লেসমেন্টের ব্যতিক্রম বিবেচনা করা হয়ে থাকে এবং শুধু সেই স্কুলের জন্যই মঞ্জুর করা হবে যদি স্কুলটি তার রেজিস্টারের লক্ষ্যমাত্রা পূরণ করে না থাকে এবং আসন খালি থাকে।

V. <u>স্পেশাল এডুকেশন পরিসেবা লাভকারী প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ভর্তির নীতিমালা</u>

A. সাধারণ শিক্ষার্থীদের ভর্তি সংশ্লিষ্ট সব নীতি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্যও প্রযোজ্য, ভর্তি প্রক্রিয়ায় শিক্ষার্থী অংশগ্রহণ নির্ধারণের নীতিমালও যার অন্তর্গত। প্রতিবন্ধী শিক্ষার্থীদের স্থানদান ও বদলি সংক্রান্ত বিষয়ে নিম্নলিখিত নীতিমালা আমলে নিতে হবে:

   1. যখন কোন কর্মসূচিতে পরিবর্তন হয়, প্রতিবন্ধী শিক্ষার্থীদের অধিকার আছে তাদের বর্তমান স্কুলে থেকে যাওয়ার যদি সেই স্কুল শিক্ষার্থীর নতুন ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্ল্যান (IEP) মোতাবেক শিক্ষার্থীকে যথাযথ পরিসেবা দিতে পারে। যখন আইইপি-তে কোন পরিবর্তন হয়, তিখন

প্রতিবন্ধী শিক্ষার্থীদের অধিকার আছে তাদের বর্তমান স্কুলে থেকে যাওয়ার যদি পরিবর্তনগুলোর কারণে কোন অনন্য পরিসেবা বা কর্মসূচি বা ডিস্ট্রিক্ট ৭৫ এ প্লেসেমেন্ট আবশ্যক না হয়।

2. একজন এলিমেন্টারি অথবা মিডল স্কুল শিক্ষার্থী যে তার বসবাসের ডিস্ট্রিক্টের বাইরের একটি স্কুলে যায় এবং যার একটি পরিসেবা পরিবর্তন সুপারিশ রয়েছে তার খালি আসনসাপেক্ষে সেই স্কুলে থেকে যাওয়ার অধিকার রয়েছে অথবা সে তার নিজের ডিস্ট্রিক্টের কোন স্কুলে ফিরে যেতে পারে যেখানে আসন খালি আছে।

B. নিউ ইয়র্ক সিটিতে পুনঃভর্তি হতে আগ্রহী একজন শিক্ষার্থী যে ইতিপূর্বে একজন আইইপি ছাড়া প্রতিবন্ধী শিক্ষার্থী হিসাবে চিহ্নিত হয়েছিল তাকে বরো এনরোলমেন্ট অফিস বা কমিটি অন স্পেশাল এডুকেশন, তার পূর্বতন নিউ ইয়র্ক সিটি আইইপির ভিত্তিতে, যেখানে প্রযোজ্য সেখানে স্থান দেবে। যেখানে প্রযোজ্য সেখানে শিক্ষার্থীর স্কুলে ৩০ দিনের মধ্যে আইইপি বৈঠক অনুষ্ঠান করতে এবং একটি নতুন আইইপি প্রণয়ন করতে হবে।

C. যদি একজন শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটির বাইরের কোন কাগজপত্র দাখিল করে যাতে স্পেশাল এডুকেশন সার্ভিস আবশ্যক বলা হয়েছে, তাহলে শিক্ষার্থীকে অবশ্যই যথাযথ সিএসইর কাছে পাঠাতে হবে, যেখানে সমতুল পরিসেবা নির্ণয় করা এবং একটি যথোপযুক্ত স্কুল নির্ধারণ করা হবে।

VI. <u>বাসস্থান নিরূপণ</u>

A. একজন শিক্ষার্থীর বাসস্থান নিরূপিত হয় নিম্নরূপে:

1. বাসস্থান নির্ধারণ করা হয় একজন ব্যক্তির বসবাসের উদ্দেশ্যে একটি স্কুল ডিস্ট্রিক্টের ভৌগলিক সীমানার মধ্যে শারীরিকভাবে উপস্থিতির ভিত্তিতে।

2. স্কুলের প্রয়োজনে একজন শিক্ষার্থীর বাসস্থান নির্ভর করে শিক্ষার্থীর পরিচর্যা, হেফাজত এবং নিয়ন্ত্রণ সংক্রান্ত প্রামাণিক তথ্যের উপর।

B. নিচের প্রক্রিয়া ব্যাখ্যা করে একজন ব্যক্তি যিনি শিক্ষার্থীর জন্মসূত্রে অথবা দত্তকপিতামাতা অথবা আইনগত অভিভাবক নন তিনি কীভাবে শিক্ষার্থীকে রেজিস্টার করবেন:

1. স্কুলে রেজিস্টার করার সময়ে শিক্ষার্থীর সঙ্গে অবশ্যই পিতামাতার সম্পর্কে আবদ্ধ কোন ব্যক্তি থাকতে হবে (শুধু সেকশন এবং চ্যান্সেলরের প্রবিধান এ বর্ণিত অভিভাবকসহ নয় এমন তরুণদের জন্য প্রযোজ্য ক্ষেত্রসমূহ ব্যতীত) সঙ্গে স্কুলে আসতে হবে। পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তির মধ্যে রয়েছেন শিক্ষার্থীর পিতা অথবা মাতা, জন্মগত অথবা দত্তক, স্টেপফাদার অথবা স্টেপমাদার, আইনগতভাবে নিযুক্ত অভিভাবক অথবা হেফাজতকারী। একজন ব্যক্তি আরেকজন ব্যক্তির হেফাজতকারী হিসাবে বিবেচিত হন যদি তিনি এই দায়িত্বগ্রহণ করেন এবং সেই ব্যক্তির যত্ন নেন। শিক্ষার্থী রেজিস্টার করার জন্য আইনগত অভিভাবকত্বের প্রমাণ আবশ্যক হয় না।

2. যদি শিক্ষার্থীকে রেজিস্টার করতে আসা ব্যক্তি জন্মসূত্রে অথবা দত্তক পিতামাতা অথবা আনিগত অভিভাবক না হন, তাহলে উক্ত ব্যক্তিকে অবশ্যই স্কুল অথবা বরো এনরোলমেন্ট অফিসে এফিডেভিট করে তার নাম, ঠিকানা, ফোন নম্বর, জন্মসূত্রে অথবা দত্তক পিতামাতা অথবা আইনগত অভিভাবকের নাম, শিক্ষার্থী কোন পরিস্থিতিতে তার সঙ্গে বসবাস করছে এবং বসবাসের মেয়াদ (সংযুক্তি ১ দ্রষ্টব্য) উল্লেখ করতে হবে।

3. যদি শিক্ষার্থীকে রেজিস্টার করতে আসা ব্যক্তির মর্যাদা সম্পর্কে কোন প্রশ্ন থাকে, তাহলে শিক্ষার্থী কোন ব্যক্তির সঙ্গে হেফাজতের সম্পর্কে আবদ্ধ এই তদন্ত মুলতবি রেখে শিক্ষার্থীকে অবশ্যই রেজিস্টার করতে হবে।

C. শিক্ষার্থী তার জন্মগত অথবা দত্তক পিতামাতা অথবা আইনগত অভিভাবকের পরিবর্তে অন্য ব্যক্তির সঙ্গে বসবাস করে থাকে কিনা এটি নিরূপণে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করতে হবে:

1. শিক্ষার্থীকে এই ঠিকানায় থাকতে চায় কিনা?

2. জন্মসূত্রে অথবা দত্তকসূত্রে পিতামাতা অথবা আইনগত অভিভাবক শিক্ষার্থী যে ব্যক্তির সঙ্গে থাকে তার অনুকূলে হেফাজতি এবং/অথবা নিয়ন্ত্রণ পরিত্যাগ করেছেন কিনা?

3. জন্মসূত্রে বা দত্তকসূত্রে পিতামাতা অথবা আইনগত অভিভাবক শিক্ষার্থীরে ভরণপোষণ অব্যাহত রেখেছেন কিনা?

4. শিক্ষার্থী যে প্রাপ্তবয়স্কের সঙ্গে বসবাস করছে তিনি শিক্ষার্থীর পরিচর্যা এবং হেফাজত করেন কি?

5. এমত যথেষ্ট প্রমাণ আছে কি পিতামাতা শিক্ষার্থীর হেফাজত ও নিয়ন্ত্রণ শিক্ষার্থী ব্যক্তির সঙ্গে থাকছে তার কাছে হস্তান্তর করেছে? স্কুল জন্মসূত্রে বা দত্তকসূত্রে পিতামাতার কাছ থেকে হলফকৃত নোটারাইজড বিবৃতি বা এফিডেভিট চাইতে পারে (সংযুক্তি ২ দ্রষ্টব্য)।

6. শিক্ষার্থী অন্যদের সঙ্গে থাকছে কেন? যদি অন্যের সঙ্গে একত্রে থাকার একমাত্র কারণ হয় শিক্ষার্থীকে তার বর্তমান স্কুল থেকে অন্য একটি স্কুলে বদলি করা যার জন্য সে উপযুক্ত নয়, তাহলে এক্ষেত্রে তার বসবাসের ঠিকানা প্রতিষ্ঠিত হয়নি।

VII. বসবাসের ঠিকানা যাচাই

A. একজন শিক্ষার্থীকে স্কুলে ভর্তি করার সময়ে অবশ্যই ঠিকানার প্রমাণ পেশ করতে হবে। বসবাসের প্রমাণ হিসাবে নিম্নলিখিত কাগজপত্র ব্যবহার করা যেতে পারে:

1. টেলিফোন বিল, কেবল বিল, ক্রেডিট কার্ড বিল, মেডিক্যাল ইস্যুরেন্স কার্ড অথবা ড্রাইভার্স লাইসেন্স গ্রহণযোগ্য ঠিকানার প্রমাণ নয়। ঠিকানা যাচাই করা যেতে পারে নিচের যেকোন দুটি নথি দিয়ে:

   a. বাসিন্দার নামে ন্যাশনাল গ্রিড (ভূতপূর্ব কিস্প্যান), কন এডিসন, অথবা লং আইল্যান্ড পাওয়ার অথরিটি (রকওয়ের জন্য) কর্তৃক বিগত ৬০ দিনের মধ্যে ইস্যুকৃত আবাসিক ইউটিলিটি বিল;

   b. আইআরএস, সিটি হাউজিং অথরিটি, হিউম্যান রিসোর্সেস অ্যাডমিনিস্ট্রেশন, অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস (ACS), অথবা এসিএস সাবকন্ট্রাক্টরের লেটারহেডে বাসিন্দার ও ঠিকানায় বিগত ৬০ দিনের মধ্যে ইস্যুকৃত চিঠি;

   c. বাড়ির মূল লিজ এগ্রিমেন্ট, ডিড অথবা মর্টজেগ স্টেটমেন্ট;

   d. বাড়ির বর্তমান প্রপার্টি ট্যাক্স বিল;

   e. বাড়ির পানির বিল;

   f. নিয়োগদাতার কাছ থেকে বিগত ৬০ দিনের মধ্যে ইস্যুকৃত আনুষ্ঠানিক পেরোলের কাগজ, যেমন ট্যাক্স মুলতবি রাখার জন্য জমা দেয়া ফরম অথবা পেরোল রিসিট। নিয়োগদাতার লেটারহেডে চিঠি যথেষ্ট নয়।

   উপরের কোন একটি কাগজ যথেষ্ট বিবেচিত হবে না।

2. কোন পিতামাতা যদি অ্যাপার্টমেন্ট বা বাড়ি সাবলেট দেন, বা একটি বেশি পরিবার থাকার জায়গা ভাগাভাগি করে ব্যবহার করে এবং শুধু একজন লিজগ্রহীতা অথবা বাড়ির মালিক থাকেন, তাহলে পিতামাতাকে অবশ্যই মূল লিজগ্রহীতা এবং পিতামাতা উভয়ের যৌথ স্বাক্ষরিতে "অ্যাড্রেস এফিডেভিট" এ পিতামাতাকে হলফ করে বলতে হবে পরিবারটি উক্ত বাড়িতে বসবাস করছে এবং সেকশন (সংযুক্তি ৩ দ্রষ্টব্য) মোতাবেক মূল লিজগ্রহীতার ঠিকানার প্রমাণ পেশ করতে হবে।

3. যদি পিতামাতার নিউ ইয়র্ক সিটিতে একটির বেশি বাসস্থান থাকে তাহলে শিক্ষার্থীর যে বাড়িতে বসবাস করে সেটিকেই স্কুলে রেজিস্ট্রেশনের জন্য ব্যবহার করতে হবে।

4. বাড়ির ঠিকানার প্রমাণের যথেষ্টতা নিয়ে যদি কোন প্রশ্ন থাকে, অথবা পিতামাতা যথাযথ কাগজপত্র পেশে অসমর্থ হন, তাহলে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট অথবা স্কুল, যেখানে প্রযোজ্য, সাময়িক ভিত্তিতে শিক্ষার্থীকে ভর্তি করবে। ঠিকানার তদন্তর (সংযুক্তি ৪ দ্রষ্টব্য) ফল মুলতবি সাপেক্ষে শিক্ষার্থীকে স্কুলে সাময়িকভাবে ভর্তি করা হচ্ছে একথা উল্লেখ করে পিতামাতাকে একটি প্রভিশনাল অ্যাডমিশন নোটিস দেয়া হবে। নিচের "ফলসিফিকেশন অ্যান্ড ইনভেস্টিগেশন অভ

রেসিডেন্সি" (ঠিকানা জালিয়াতি এবং তদন্ত) সম্পর্কিত প্রক্রিয়া অনুসরারে ঠিকানা যাচাইয়ের উদ্যোগ গ্রহণ করার দায়িত্ব শিক্ষার্থীকে ভর্তি করা স্কুলের। শিক্ষার্থীকে ফিরিয়ে দেয়া চলবে না এবং তার তদন্ত মুলতরিকালে ক্লাস করার অধিকার আছে।

5. বাস্তুহারা শিক্ষার্থীদের স্কুলে ভর্তি হওয়ার জন্য বাসস্থানের ঠিকানার প্রমাণ দেখান আবশ্যক নয়। দ্রষ্টব্য সেকশন VIII.D.

B. ঠিকানা জালিয়াতি এবং তদন্ত

যদি শিক্ষঅর্থীর ঠিকানা বিষয়ে প্রশ্ন থাকে অথবা সন্দেহ থাকে যে রেজিস্টার করার জন্য ভুয়া ঠিকানা দেয়া হয়েছে, তহালে সমস্যাটি আবিষ্কৃত হওয়ার ৩০ দিনের মধ্যে স্কুলকে অবশ্যই ঠিকানা যাচাইয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। যদি এটি প্রমাণিত হয় যে শিক্ষার্থী এমন ঠিকানায় বাস করে যেটি তাকে তার বর্তমান স্কুলে ভর্তির ক্ষেত্রে অযোগ্য করে তাহলে প্রিন্সিপ্যালকে তা অবশ্যই তদন্তের ফল চিলড্রেন ফার্স্ট নেটওয়ার্ক অ্যাটেনড্যান্স পয়েন্ট পারসনের গোচরে আনতে হবে। চিলড্রেন ফার্স্ট নেটওয়ার্ক অ্যাটেনড্যান্স পয়েন্ট পার্সন ফলাফল পর্যালোচনা করবেন, এবং যদি তিনি মনে করেন যথাযথ, তাহলে ক্লাস্টার পয়েন্ট পার্সনের কাছে বদলির সুপারিশ করবেন। ক্লাস্টার পয়েন্ট পারসন অবশ্যই তদন্তের কাগজপত্র পর্যালোচনা করে নির্ধারণ করবেন বদলি আবশ্যক করার পক্ষে যথেষ্ট প্রমাণ আছে কিনা। ক্লাস্টার পয়েন্ট পার্সন এরপর শিক্ষার্থীর বদলি অনুমোদনের খবর বরো এনরোলমেন্টের এগজিকিউটিভ ডিরেক্টরকে অবহিত করবেন। বরো এনরোলমেন্টের এগজিকিউটিভ ডিরেক্টর এরপর বদলি স্কুল এবং বদলি কার্যকরী করার তারিখ নির্ধারণ করবেন, এবং শিক্ষার্থীকে বদলি স্কুলের রেজিস্টারে স্থান দেবেন।

1. যদি শিক্ষার্থীকে বদলি করতে হয়, প্রিন্সিপ্যালের অবশ্যই তা নিচের বিষয়গুলো উল্লেখ করে লিখিতভাবে পিতামাতাকে অবহিত করতে হবে:

   a. তদন্তের ফল; এবং

   b. শিক্ষার্থী বর্তমান স্কুলে যাওয়ার যোগ্য নয় এবং তাকে যথাযথ স্কুলে বদলি করা হবে; এবং

   c. বদলি স্কুলের নাম, নম্বর এবং ঠিকানা, এবং বদলি কার্যকরী হওয়ার তারিখ যা বরো এনরোলমেন্ট এগজিকিউটিভ ডিরেক্টর নির্ধারণ করবেন; এবং

   d. অবহিতকরণ চিঠি পাওয়ার পাঁচ দিনের মধ্যে স্কুলের সহায়তাকারী ক্লাস্টার পয়েন্ট পার্সনের কাছে তদন্তের ফলের বিরুদ্ধে আপিল করার অধিকার।

2. আপিল নিষ্পত্তির আগেই শিক্ষার্থীকে বদলি করা হবে যদি না ক্লাস্টার পয়েন্ট পার্সন, প্রিন্সিপ্যাল এবং বরো এনরোলমেন্ট এগজিকিউটিভ ডিরেক্টরের সঙ্গে আলোচনাক্রমে, নিশ্চিত করেন যে এটি যথাযথ নয়। আপিল আদেশ দশ স্কুলদিবসের মধ্যে জারি করতে হবে।

3. একটি যথাযথ বদলি স্কুল নির্ধারণের জন্য, পিতামাতাকে ঠিকানার যাচাইযোগ্য প্রমাণ দাখিল করতে হবে। যদি পিতামাতা নিউ ইয়র্ক সিটিতে শিক্ষার্থীর বসবাসের ঠিকানার যাচাইযোগ্য প্রমাণ পেশে ব্যর্থ হন, তাহলে বরো এনরোলমেন্ট এগজিকিউটিভ ডিরেক্টরের বিবেচনাসাপেক্ষে, শিক্ষার্থীকে হয় তদন্তের ফলাফলের প্রেক্ষাপটে প্রতীয়মাণ একটি যথোপযুক্ত স্কুলে বদলি করা হবে, অথবা একজন অনাবাসী বিবেচনা করা হবে, যেক্ষেত্রে পিতামাতাকে চ্যান্সেলরের প্রবিধান A-125 মোতাবেক পড়ার খরচ বহন করতে হবে।

VIII. <u>বিশেষ পরিস্থিতি</u>

A. হারান সন্তান

যদি এমন সন্দেহ থাকে যে একজন শিক্ষার্থী যাকে স্কুলে ভর্তি করা হয়েছে সেএকজন "হারান সন্তান" হয়ে থাকতে পারে, যাকে তার বৈধ হেফাজতকারী পিতামাতার কাছ থেকে কেড়ে নেয়া হয়েছে, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই শিশুটিকে ভর্তি করে নিয়ে অবিলম্বে স্থানীয় পুলিশ প্রিসিংক্টে যোগাযোগ করতে হবে।

B. স্বাবলম্বী নাবালক (১৬-১৭ বছর বয়সী)

1. শুধু সেসব শিক্ষার্থী যারা স্বাধীন এবং তাদের পিতামাতা থেকে দূরে থাকে এবং যাদের পালক পরিচর্যার প্রয়োজন নেই বা গ্রহণ করে না, তাদেরকে স্বাবলম্বী বিবেচনা করা যেতে পারে। যদি এমত নিরূপিত হয় যে শিক্ষার্থী একজন স্বাবলম্বী, তাহলে শিক্ষার্থীকে রেজিস্টার করার সময়ে পিতামাতার সঙ্গে আসতে হবে না। শিক্ষার্থী একজন স্বাবলম্বী কিনা নিরূপণে নিচের বিষয়গুলো সাহায্য করতে পারে:

   - পিতামাতা হেফজতের দায়িত্ব পরিত্যাগ করেছেন কি?
   - শিক্ষার্থী পিতামাতাদের থেকে আলাদা থাকছে অথবা বাড়িতে ভাড়া দিচ্ছে?
   - শিক্ষার্থী নিজের জীবনে বিষয়গুলো সামলাচ্ছে কি?
   - শিক্ষার্থী শেষ কবে তার পিতামাতার সাথে যোগাযোগ করেছিল?

   শিক্ষার্থীকে একটি এফিডেভিট অব ইমানসিপেশন স্বাক্ষর করতে বলা হতে পারে (সংযুক্তি ৫ দ্রষ্টব্য)।

2. বাসস্থানের প্রমাণ হিসাবে নাবালকের নামে ভাড়ার রিসিট, যে ব্যক্তি থাকার জায়গা দিয়েছেন তার বিবৃতি অথবা নাবালকের এফিডেভিট দেখান যেতে পারে।

3. যেসব ক্ষেত্রে শিক্ষার বয়স ১৮ বছরের নিচে এবং বিবাহিত, সেসব ক্ষেত্রে শিক্ষার্থী স্বাবলম্বী বিবেচিত হবে।

C. যেসব ছেলেমেয়ের পিতামাতারা একত্রে থাকেন না

1. একজন শিশুর শুধু একজন আইনগত অভিভাবক থাকতে পারেন। যে শিশুর পিতামাতারা আলাদা থাকেন, তাদের ক্ষেত্রে হেফাজতকারী পিতামাতার ঠিকানাই শিশুর বাসস্থান হিসাবে গণ্য করা হয়।

2. যদি পিতামাতা উভয়কেই যৌথ হেফাজতের অধিকার দেয়া হয়ে থাকে, তাহলে শিশুর বাসস্থান হচ্ছে সেই পিতামাতার ঠিকানা যার প্রাথমিক শারীরিক হেফাজতি আছে।

D. হোমলেস, আনঅ্যাকমপ্যানিড[10] এবং রানওয়ে ইয়ুথ

1. সংজ্ঞা:

   a. একজন হোমলেস শিশু হচ্ছে সে যার একটি স্থায়ী, নিয়মিত এবং পর্যাপ্ত রাত্রিকালীন বাসস্থান নেই। এই শিশু সে যে:

      - কোন বন্ধু, আত্মীয় বা অপর কারও সঙ্গে বাস করছে কেননা তার পরিবার আর্থিক দুর্দশার কারণে বাড়ি হারিয়েছে, অথবা এধরনের কারণে ("ডাবলড আপ" নামে অভিহিত), অথবা পরিবর্ত অপর্যাপ্ত থাকার বন্দোবস্তের অভাবে কোন মোটেল, হোটেল, ট্রেইলার পার্ক অথবা ক্যাম্পিং গ্রাউন্ডে থাকছে, অথবা
      - অস্থায়ী থাকার জায়গা হিসোবে পরিকল্পিত সরকারি বা বেসরকারি পরিচালনাধীন ভর্তুকিপ্রাপ্ত শেল্টারে (কমার্শিয়াল হোটেল, গণজমায়েতের শেল্টার, এবং মানসিক অসুস্থদের জন্য সাময়িক আস্তানাসহ) থাকছে, অথবা
      - ফস্টার কেয়ার প্লেসমেন্টের জন্য অপেক্ষা করছে, অথবা
      - কোন সরকারি বা বেসরকারি স্থানে থাকছে যেটি একটি নিয়মিত নিদ্রাস্থল হিসাবে পরিকল্পিত হয়নি বা সাধারণত ব্যবহার হয় না, অথবা
      - গাড়ি, পার্ক, বারোয়ারি স্থান, পরিত্যক্ত বাড়ি, বাস অথবা ট্রেন স্টেশন কিংবা এধরনের

[10] গৃহ-পালান তরুণদের জন্য আবাসিক কর্মসূচিতে বসবাসকারী শিক্ষার্থী একজন আনঅ্যাকমপ্যানিড/রানওয়ে তরুণের অন্তর্ভুক্ত।

পরিবেশে বসবাস করছে।

b. আনঅ্যাকমপ্যানিড তরুণ বলতে সেই তরুণকে বোঝায় যে একজন পিতামাতা অথবা অভিভাবকের বাস্তব হেফাজতে নেই এবং যে উপরে বর্ণিত হোমলেসের সংজ্ঞা পূরণ করে।

2. একজন হোমলেস, আনঅ্যাকমপ্যানিড অথবা গৃহপালান শিশু হয় তার বর্তমান স্কুলে থাকতে পারে অথবা নতুন স্কুলে বদলি নিতে পারে যেটির জন্য তার উপযুক্ততা আছে, যেখানে প্রযোজ্য হয়। হোমলেস হাই স্কুল শিক্ষার্থীদের অন্য স্কুলে বদলি হওয়ার জন্য যাতায়াতে সমস্যার প্রমাণ দিতে হয় না।[11] নির্বাচিত স্কুল হোমলেস শিশু বা আনঅ্যাকমপ্যানিড শিক্ষার্থীকে সঙ্গে সঙ্গে ভর্তি করে নেবে, এমনকি শিশুটি বা আনঅ্যাকমপ্যানিড শিক্ষার্থী ভর্তি জন্য সাধারণভাবে আবশ্যক রেকর্ড দেখাতে না পারলেও। হোমলসে শিক্ষার্থীদের অধিকার সম্পর্কে আরও জানতে চ্যান্সেলরের প্রবিধান A-780 দেখুন।

3. গার্হস্থ্য নিগ্রহের শিকারদের থাকার জন্য আবাসিক কর্মসূচিতে বসবাসকারী ছেলেমেয়েরা হোমলেস শিশুর সংজ্ঞার অন্তর্ভুক্ত। গার্হস্থ্য নিগ্রহ আবাসে বসবাসকারী শিক্ষার্থীর ঠিকানা গোপন রাখতে হবে পিতামাতার দেয়া পোস্ট অফিস ঠিকানা লেখার মাধ্যমে অথবা দুই অঙ্কের ডিস্ট্রিক্ট নম্বরের পর "DV" অক্ষর দুটি এবং কাউন্টি, বরো, স্টেট ও জিপ কোড ব্যবহার করে ঠিকানা তৈরি করতে হবে। যেমন, ডিস্ট্রিক্ট ১ = Box 01DV, New York, New York 10002.

4. স্থায়ী ঠিকানার অভাব শিক্ষার্থীকে স্কুলে ভর্তি না করার আইনসঙ্গত ভিত্তি তৈরি করে না। ম্যাককিনি-ভিন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্টের (42 USC 11431) টাইটেল ৩ এবং চ্যান্সেলরের প্রবিধান A-780 মোতাবেক এসব শিক্ষার্থীর নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসমূহে অবিলম্বে ভর্তি হওয়ার এবং ক্লাস করার অধিকার রয়েছে।

5. একজন আনঅ্যাকমপ্যানিড (সঙ্গীহীন) শিশু হচ্ছে একজন হোমলেস শিশু যে একজন পিতামাতা অথবা অভিভাবকের হেফাজতে নেই। একজন আনঅ্যাকমপ্যানিড শিক্ষঅর্থীকে স্কুলে ভর্তি কিংবা বদলির হওয়ার জন্য একজন প্রাপ্তবয়স্কের সঙ্গে আসার আবশ্যক হয় না। এনরোলমেন্ট কর্মচারী অথবা স্কুল কর্মকর্তাগণ, যেখানে প্রযোজ্য, অ্যঅডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেসকে অবহিত করা প্রয়োজন কিনা নিরূপণে অবশ্যই শিক্ষার্থীর বয়স এবং পরিস্থিতি বিবেচনায় নেবেন।

6. একজন হোমলেস শিক্ষার্থীকে, বাসস্থানের প্রমাণসহ, কাগজপত্রের অভাবে তাত্ক্ষণিক ভর্তি থেকে বিরত রাখা যাবে না।

E. ফস্টার কেয়ার শিক্ষার্থী

ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীদের পালক পিতামাতা পরিবর্তিত হলে তাদের মূল স্কুলে থেকে যাওয়ার অথবা তাদের নতুন ঠিকানার ভিত্তিতে ভৌগলিকভাবে উপযুক্ত স্কুলে যাওয়ার অধিকার রয়েছে। হাই স্কুলের ফস্টার কেয়ার শিক্ষার্থীদের জন্য, যদি নতুন পালক পিতামাতার বাড়ি থেকে বর্তমান স্কুলে যাতায়াতে সমস্যা হয় তাহলে শিক্ষার্থী যাতায়াতের সমস্যার জন্য বদলির শর্ত পূরণ না করেই শিক্ষার্থী তার নতুন পালক পিতামাতার বাড়ির নিকটবর্তী স্কুলে বদলি হতে পারে।

F. বাড়ি এবং হাসপাতালে নির্দেশনা থেকে প্রত্যাগত শিক্ষার্থী

বাড়ি কিংবা হাসপাতালে নির্দেশনা থেকে প্রত্যাগত শিক্ষার্থীর অধিকার আছে তার পূর্বতন স্কুলে ফিরে যাওয়ার যদি না স্টুডেন্টেএনরোলমেন্ট, পবিারের সঙ্গে পরামর্শক্রমে, নিরূপণ করে যে ভিন্ন একটি স্কুলে স্থান দেয়া যথাযথ হবে।

G. হেফাজত থেকে প্রত্যাগত শিক্ষার্থী

যেসব শিক্ষার্থী স্টেট, সিটি অথবা বেসরকারি সংস্থার পরিচর্যা থেকে সরকারি স্কুলে প্রত্যাবর্তন করে তাদের দ্রুত এবং উপযুক্ত শিক্ষায়থনিক স্থানলাভের অধিকার রয়েছে। এসব ফ্যাসিলিটির মধ্যে আছে গ্রুপ হোমস, সাইকয়াট্রিক সেন্টার, ডেভেলপমেন্টাল সেন্টার, কাসআডিয়াল ফ্যাসিলিটি,

[11] যাতায়াতের সমস্যার কারণে বদলি শুধু হাই স্কুলের জন্য প্রযোজ্য।

এবং রেসিডেনশিয়াল ট্রিটমেন্ট সেন্টার, যেমন নিউ ইয়র্ক স্টেট অফিস অভ চিলড্রেন অ্যাঅন্ড ফ্যামিলি সার্ভিসেস(OCFS) এবং অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেসের (ACS) আওতাধীন কেন্দ্রসমূহ। শিক্ষার্থীদের স্কুলে ভর্তি হওয়ার আগে হেফাজত কেন্দ্র থেকে অব্যাহতিগ্রহণের চিঠি নেয়ার প্রয়োজন নেই।

1. স্কুলে প্রত্যাবর্তনের সুপারিশ করা হবে এটি বোঝার পরপরই এজেন্সির উচিত হবে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টের যথেপযুক্ত বরো এনরোলমেন্ট অফিসে আইইপিসহ শিক্ষার্থীর প্রাসঙ্গিক স্কুল রেকর্ড উল্লেখ করে শিক্ষার্থীর অবস্থা পরিবর্তনের কথা জানান।

2. এনওয়াইসি পাবলিক স্কুলসমূহে অন্যান্য শিক্ষার্থীকে যেভাবে পুনঃভর্তি করা হয়ে থাকে, এই নথির তালিকাভুক্তির নীতিমালা মোতাবেক এনওয়াইসির ভেতরে বা বাইরের কাস্টোডিয়াল ফ্যাসিলিটি ফেরত শিক্ষার্থীরা ওই ক্যালেনডারবছরের মধ্যে তাদের পূর্বতন স্কুলে প্রত্যাবর্তনের অধিকার পেতে পারে। অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, শিক্ষার্থী এবং পিতামাতার সঙ্গে পরামর্শক্রমে, নির্ধারণ করতে পারেন যে পূর্বতন স্কুল যথাযথ নয় এবং সে-কারণে স্থান দেয়ার জন্য ভিন্ন একটি স্কুল বেছে নিতে পারেন।

3. স্কুলে তালিকাভুক্তির আগে শিক্ষার্থীদের কাস্টোডিয়াল এজেন্সি থেকে অব্যাহতিপত্র দেখাতে হয় না।

H. সাসপেনশন ফেরত শিক্ষার্থী

1. সাসপেন্ড হওয়া শিক্ষার্থীদের অধিকার আছে তারা যে স্কুল থেকে সাসপেন্ড হয়েছিল সেখানে ফিরে যাওয়ার যদি না শিক্ষার্থী স্বেচ্ছায় অন্য স্কুলে বদলি নিয়ে থাকে অথবা চ্যান্সেলরের প্রবিধান A-450 মোতবেক অনিচ্ছায় বদলি হয়ে তাকে। ৮ম গ্রেডের সাসপন্ডে হওয়া যেসব শিক্ষার্থীকে ৯ম গ্রেডে আসন সিট দেয়া হয়েছে, তাদের ৮ম গ্রেডের প্রোমোশনের শর্তাবলি পূরণ করে সেসব সিট লাভ করার অধিকার আছে।

2. স্কুলগুলো একজন বদলি হওয়া বা সন্ধিযুক্ত শিক্ষার্থীকে তার অতীত "সাসপেন্ড" অবস্থার কারণে ভর্তিগ্রহণে অস্বীকার করতে পারবে না।

IX. তালিকা নোটিস/বদলি প্রক্রিয়া

A. স্কুলবছরের শেষে শিক্ষার্থী বদলি

1. জুনে "প্রেরণকারী" স্কুল "গ্রহণকারী" স্কুলকে তালিকা নোটিস দ্বারা প্রোমোশনের ফলে সেপ্টেম্বরে আগত সাধারণ শিক্ষা ও বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের নাম অবহিত করে।

2. "প্রেরণকারী" স্কুলের প্রিন্সিপ্যালকে অবশ্যই তালিকা নোটিস স্বাক্ষর করতে এবং সন্ধিযুক্ত ও টিকাগ্রহণের তথ্য পূর্ণাঙ্গ এবং সঠিক এটি নিশ্চিত করতে হবে। বিশেষ শিক্ষার সাইট সুপাভাইজর অথবা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই বিশেষ শিক্ষার চেকলিস্টে স্বাক্ষর করতে হবে।

3. সকল "গ্রহণকারী" স্কুলের উচিত আগত শিক্ষার্থীদের রেকর্ড পর্যালোচনের জন্য একজন কির্মচারীকে দায়িত্ব দেয়া। যদি কোন কাগজপত্র কম থাকে, "গ্রহণকারী" স্কুল যত তাড়াতাড়ি সম্ভব "প্রেরণকারী" স্কুলকে অবহিত করবে।

4. ক্রমপুঞ্জিত রেকর্ড, বিশেষ ক্লিনিক্যাল প্যাকেট এবং অন্যান্য গোপনীয় রেকর্ড প্রিন্সিপ্যাল কর্তৃক দায়িত্বপ্রাপ্ত আর্টিকুলেশন কর্মকর্তা পর্যালোচন এবং একত্র করে ট্রান্সফার অভ রেকর্ড ডে-তে, যা সচরাচর জুনের প্রথম দুই সপ্তাহে পড়ে, "প্রেরণকারী" স্কুলে হস্তান্তর করবেন। সকল স্কুলকে স্কুলবছর শেষ হয়ার মধ্যে অবশ্যই বদলি সম্পন্ন করতে হবে।

B. তালিকা নোটিস প্রক্রিয়া ব্যবহারের কারণষমূহ

1. শিক্ষার্থীদের শুধু নিম্নবর্ণিত কারণসমূহের জন্য তালিকা নোটিসের মাধ্যমে এক স্কুল থেকে অন্য স্কুলে সরান করা হয়:

   a. উচ্চতর স্কুলে প্রোমোশন (হয় পাবলিক অথবা নন-পাবলিক) যেমন এলিমেন্টারি থেকে জুনিয়র হাই/ইন্টারমিডিয়েট স্কুল অথবা ইন্টারমিডিয়েট স্কুল থেকে হাই স্কুল;

b. স্কুল বন্ধ, খোলা অথবা পুনর্গঠন;

c. স্কুলগুলো বছরের অন্য কোন সময়ে অন্য কোন কারণে শিক্ষার্থীদের তালিকা নোটিস করতে পারবে না।

2. কোন সিবিও সাইটে অংশগ্রহণকারী প্রি-কিনডারগার্টেন শিক্ষার্থীদেরকে তাদের জোনভুক্ত স্কুলে তালিকা নোটিস করা হবে যদি না তাদেরকে একটি অনুমোদনপ্রাপ্ত প্রক্রিয়ার মাধ্যমে ভিন্ন একটি স্কুল/কর্মসূচিতে গ্রহণ করা হয়ে থাকে।

C. কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট স্কুলগুলো শিক্ষার্থীদের ডিস্ট্রিক্ট ৭৫ – সিটিব্যাপী কর্মসূচি স্কুলগুলোয় তালিকা নোটিস করতে পারবে না।

D. ডিস্ট্রিক্ট ৭৫ শুধু একজন হাই স্কুল শিক্ষার্থীকে নন-ডিস্ট্রিক্ট ৭৫ স্কুলে তালিকা নোটিস করতে পারবে কেবল শিক্ষার্থী যদি হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে এবং কমিটি অন স্পেশাল এডুকেশন (সিএসই) পুনর্মূল্যায়ণ সম্পন্ন হয়ে থাকে।

E. তালিকা নোটিস প্রণয়ন করার সময়ে ডিপার্টমেন্ট অভ এডুকেশন হোম ইস্ট্রাকশন লাভকারী অথবা ইন-হসপিটাল স্কুলে ভর্তি সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের মুদ্রিত তালিকা নোটিসের অন্তর্ভুক্ত করা যাবে না, যেহেতু তারা একটি নিয়মিক স্কুলের রেজিস্টারে নেই।

F. কোন শিক্ষার্থীকে পাঁচ বরোর বাইরে তালিকা নোটিস করা যাবে না।

X. ছাড়

এই প্রবিধান বা এর কোন অংশ চ্যান্সেলর বা তার স্থলাভিষিক্ত ব্যক্তি মওকুফ করতে পারেন যদি তা স্কুল ব্যবস্থার জন্য অনুকূল নিরূপিত হয়।

XI. অনুসন্ধান

ফোন: 212-374-6095 | ফ্যাক্স: 212-374-5751

উপস্থিতির গাইডলাইন এবং প্রবিধান সংক্রান্ত অনুসন্ধান:

Office of School and Youth Development – Mandated Responsibilities

ফোন: 718-935-2009 | ফ্যাক্স: 212-374-5568

এনরোলমেন্ট, অ্যাডমিশন এবং ট্রান্সফার সংক্রান্ত অনুসন্ধান:

The Office of Student Enrollment

ডিস্ট্রিক্ট ৭৫ অ্যাডমিশন এবং ট্রান্সফার সংক্রান্ত অনুসন্ধান ডিস্ট্রিক্ট ৭৫ এ করতে হবে। ডিস্ট্রিক্ট ৭৯ অ্যাডমিশন এবং ট্রান্সফার সংক্রান্ত অনুসন্ধান ডিস্ট্রিক্ট ৭৯ এ করতে হবে।

ফোন: 212-802-1500 | ফ্যাক্স: 212-802-1678

ফোন: 917-521-3639 | ফ্যাক্স: 917-521-3649